আরও চাকরির খবর ভেতরের পাতায়

SKILL BANGLA www.skillbangla.in

কর্মক্ষেত্র

ISSN 0971-7765

স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে ২৯৮৯ গ্রুপ 'সি' ৫৪৮৮ গ্রুপ 'ডি' নিয়োগ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর — পৃঃ ৮

বর্ষ ৪৬ সংখ্যা ২৮ কলকাতা বুধবার, ৪ ফেব্রুয়ারি ২০২৬/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ২১ মাঘ ১৪৩২ দাম ৬.০০ টাকা ১২ পাতা R. N. 37120/80

ভারতীয় রেলে ২২১৯৫ গ্রুপ 'ডি'

বিভিন্ন পদে ২২,১৯৫ জন গ্রুপ 'ডি' কর্মী নিয়োগ করবে ভারতীয় রেল। দেশ জুড়ে ১৬টি রেলওয়ে রিক্রুটমেন্ট সেলে প্রার্থীদের নিয়োগ করা হবে। এই নিয়োগের সেন্ট্রালাইজড এমপ্লয়মেন্ট নোটিস নম্বর: ০৯/২০২৫।

নিয়োগ করা হবে এই সব পদে: অ্যাসিস্ট্যান্ট টিআরডি, অ্যাসিস্ট্যান্ট অপারেশনস (ইলেক্ট্রিক্যাল), অ্যাসিস্ট্যান্ট টিএল অ্যান্ড এসি, অ্যাসিস্ট্যান্ট (সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন), পয়েন্টসম্যান বি, অ্যাসিস্ট্যান্ট (ট্র্যাক মেশিন), ট্র্যাক মেইন্টেনার গ্রুপ ফোর, অ্যাসিস্ট্যান্ট (ব্রিজ), অ্যাসিস্ট্যান্ট (ক্যারেজ অ্যান্ড ওয়াগন), অ্যাসিস্ট্যান্ট লোকো শেড (ইলেক্ট্রিক্যাল), অ্যাসিস্ট্যান্ট পি-ওয়ে।

প্রসঙ্গত, 'কর্মক্ষেত্র'-র ৩১ ডিসেম্বর সংখ্যায় এই নিয়োগ সম্পর্কে আগাম জানানো হয়েছিল।

আরআরসি অনুসারে শূন্যপদের বিন্যাস: ইস্টার্ন রেলওয়ে (কলকাতা): অ্যাসিস্ট্যান্ট (সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন) ১০৩টি, অ্যাসিস্ট্যান্ট (ব্রিজ) ৭টি, অ্যাসিস্ট্যান্ট (ক্যারেজ অ্যান্ড ওয়াগন) ৭৫টি, অ্যাসিস্ট্যান্ট লোকো শেড (ইলেক্ট্রিক্যাল) ১৮টি, অ্যাসিস্ট্যান্ট অপারেশনস (ইলেক্ট্রিক্যাল) ৫১টি, অ্যাসিস্ট্যান্ট পি-ওয়ে ২টি, অ্যাসিস্ট্যান্ট টিএল অ্যান্ড এসি ২৬টি, অ্যাসিস্ট্যান্ট (ট্র্যাক মেশিন) ৩৩টি, অ্যাসিস্ট্যান্ট টিআরডি ৩০টি, ট্র্যাক মেইন্টেনার গ্রুপ ফোর ৩৯৩টি, পয়েন্টসম্যান বি ২০৮টি।

মেট্রো কলকাতা: অ্যাসিস্ট্যান্ট অপারেশনস (ইলেক্ট্রিক্যাল) ১২৯টি, ট্র্যাক মেইন্টেনার গ্রুপ ফোর ৩২টি, অ্যাসিস্ট্যান্ট (সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন) ১৩টি, পয়েন্টসম্যান বি ৫৩টি।

সাউথ ইস্টার্ন রেলওয়ে (কলকাতা): অ্যাসিস্ট্যান্ট (ব্রিজ) ১৩টি, অ্যাসিস্ট্যান্ট (ক্যারেজ অ্যান্ড ওয়াগন) ২৬টি, অ্যাসিস্ট্যান্ট অপারেশনস (ইলেক্ট্রিক্যাল) ৮টি, অ্যাসিস্ট্যান্ট টিএল অ্যান্ড এসি ১৮টি, অ্যাসিস্ট্যান্ট পি-ওয়ে ১৮টি, ট্র্যাক মেইন্টেনার গ্রুপ ফোর ৫৩৩টি, অ্যাসিস্ট্যান্ট (সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন) ৪৫টি, অ্যাসিস্ট্যান্ট (ট্র্যাক মেশিন) ১৫টি, পয়েন্টসম্যান বি ২৬৬টি, অ্যাসিস্ট্যান্ট টিআরডি ৭টি।

ওয়েস্টার্ন রেলওয়ে (মুম্বই): অ্যাসিস্ট্যান্ট (ব্রিজ) ৪৩টি, অ্যাসিস্ট্যান্ট (ক্যারেজ অ্যান্ড ওয়াগন) ১৫২টি, অ্যাসিস্ট্যান্ট লোকো শেড (ইলেক্ট্রিক্যাল) ১২টি, অ্যাসিস্ট্যান্ট অপারেশনস (ইলেক্ট্রিক্যাল) ৮৪টি, অ্যাসিস্ট্যান্ট টিএল অ্যান্ড এসি ৫৮টি, অ্যাসিস্ট্যান্ট পি-ওয়ে ২৩টি, ট্র্যাক মেইন্টেনার গ্রুপ ফোর ১৫৯৯টি, অ্যাসিস্ট্যান্ট (সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন) ৩০০টি, অ্যাসিস্ট্যান্ট (ট্র্যাক মেশিন) ৩০টি, পয়েন্টসম্যান বি ৭৫১টি, অ্যাসিস্ট্যান্ট টিআরডি ৯৬টি।

এরপর দুয়ের পাতায়

উত্তর ২৪ পরগনায় ৯২৭ স্বাস্থ্যকর্মী

কমিউনিটি হেল্থ অ্যাসিস্ট্যান্ট, স্টাফ নার্স, ডাক্তার-সহ বিভিন্ন পদে ৯২৭ জনকে নেবে উত্তর চব্বিশ পরগনা জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি। পঞ্চদশ অর্থ কমিশনের স্বাস্থ্য অনুদান প্রকল্পে চুক্তিতে নিয়োগ করা হবে। প্রার্থীকে অবশ্যই রাজ্যের স্থায়ী বাসিন্দা হতে হবে এবং বাংলা ভাষায় দক্ষ হতে হবে।

শূন্যপদের বিবরণ: মেডিক্যাল অফিসার (আর্বান প্রাইমারি হেল্থ সেন্টার): ৪২টি (সাধারণ ৮, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৮,

এরপর তিনের পাতায়

ডাক বিভাগে ২৮৬৩৫ ডাক সেবক

দেশ জুড়ে বিভিন্ন সার্কলে ব্রাঞ্চ পোস্টমাস্টার, অ্যাসিস্ট্যান্ট ব্রাঞ্চ পোস্টমাস্টার এবং ডাক সেবক নিয়োগ করবে ভারতীয় ডাক বিভাগ। প্রার্থী যে-সার্কলের শূন্যপদে দরখাস্ত করবেন, তাঁকে সেই সার্কলের স্থানীয় বাসিন্দা হতে হবে এবং স্থানীয় ভাষা জানতে হবে। প্রসঙ্গত, ডাক বিভাগের তরফে এখনও মোট শূন্যপদের সংখ্যা জানানো হয়নি। বেসরকারি সূত্রে জানা যাচ্ছে, মোট শূন্যপদ ২৮,৬৩৫টি। পশ্চিমবঙ্গের ক্ষেত্রে শূন্যপদ ২,৯৬৩টি। এখানে পশ্চিমবঙ্গের শূন্যপদ সম্পর্কে বিস্তারিত জানানো হল। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 17-37/2025-GDS (Pt.I).

শিক্ষাগত যোগ্যতা: স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক পাশ। প্রার্থীকে অবশ্যই মাধ্যমিক স্তরে স্থানীয় ভাষা অর্থাৎ বাংলা পড়ে থাকতে হবে। দার্জিলিং ডিভিশনের ক্ষেত্রে নেপালি ভাষাও গ্রাহ্য হবে। পাশাপাশি, কম্পিউটার-জ্ঞান থাকতে হবে এবং সাইকেল চালানো জানতে হবে।

বয়স: ১৬-২-২০২৬ তারিখে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

বেতনক্রম: ব্রাঞ্চ পোস্টমাস্টার পদের ক্ষেত্রে ১২,০০০-২৯,৩৮০ টাকা। অ্যাসিস্ট্যান্ট ব্রাঞ্চ পোস্টমাস্টার এবং ডাক সেবক পদের ক্ষেত্রে ১০,০০০-২৪,৪৭০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাক্ষেত্রে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে। প্রাথমিক ভাবে বাছাই করা প্রার্থীদের নথিপত্র যাচাইয়ের জন্য ডাকা হবে।

এরপর তিনের পাতায়

স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় ২২৭৩ অফিসার

দেশ জুড়ে সার্কল বেসড অফিসার পদে ২,২৭৩ জনকে নেবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া। নিয়োগ করা হবে কলকাতা, ভোপাল, জয়পুর-সহ সংস্থার ১৬টি সার্কলে। প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট রাজ্যের স্থানীয় ভাষা জানতে হবে। তাই এখানে কলকাতা ও উত্তর-পূর্ব সার্কেলের পাশাপাশি হিন্দিভাষী রাজ্যগুলিতে ৯৩৭টি শূন্যপদের বিষয়ে জানানো হল। প্রবেশনের মেয়াদ ৬ মাস। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CRPD/CBO/2025-26/18.

সার্কল অনুসারে শূন্যপদের বিবরণ: কলকাতা (পশ্চিমবঙ্গ, সিকিম এবং আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ): মোট শূন্যপদ ২৩১টি (সাধারণ ৮১, তফসিলি জাতি ৩১, তফসিলি উপজাতি ২৪, ওবিসি ৭৫, আর্থিক ভাবে অনগ্রসর ২০)। ভোপাল (মধ্যপ্রদেশ ও ছত্তিশগড়): মোট শূন্যপদ ১১৪টি (সাধারণ ৪১, তফসিলি জাতি ১৬, তফসিলি উপজাতি ১৯, ওবিসি ২৯, আর্থিক ভাবে অনগ্রসর ৯)। চণ্ডীগড় (জম্মু ও কাশ্মীর, লাদাখ, হিমাচল প্রদেশ,

এরপর তিনের পাতায়

এনআইটি-তে ১০১ অধ্যাপক

বিভিন্ন শাখায় ১০১ জন অ্যাসিস্ট্যান্ট প্রফেসর, অ্যাসোসিয়েট প্রফেসর ও প্রফেসর নেবে জলন্ধরের ড. বি আর আম্বেদকর ন্যাশনাল ইনস্টিটিউট অব টেকনোলজি। বিজ্ঞপ্তি নম্বর ০১/২০২৬ থেকে ৪৫/২০২৬ অনুসারে প্রার্থীদের নিয়োগ করা হবে।

শূন্যপদের বিবরণ: অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (গ্রেড টু): ৩৪টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ওবিসি ১৩, আর্থিক ভাবে অনগ্রসর ২)। নিয়োগ করা

এরপর তিনের পাতায়

ব্যাঙ্ক অব বরোদায় ২৮১ অফিসার ও ম্যানেজার

অফিসার ও ম্যানেজার পদে ২৮১ জনকে নেবে ব্যাঙ্ক অব বরোদা। নিয়োগ করা হবে মিডল ম্যানেজমেন্ট গ্রেড স্কেল ওয়ান ও টুয়ে। প্রবেশন ১ বছরের। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: BOB/HRM/REC/ADVT/2026/04.

শূন্যপদের বিন্যাস: ডেভেলপার-ফুল স্ট্যাক জাভা: ম্যানেজার: ২৭টি। অফিসার: ৩টি।

ডেভেলপার-ফুল স্ট্যাক এমইআরএন: ম্যানেজার: ৩৪টি। অফিসার: ৮টি।

ক্লাউড ইঞ্জিনিয়ার: ম্যানেজার: ২৪টি। অফিসার: ১১টি।

এআই ইঞ্জিনিয়ার (এআই/জেন এআই/ এনএলপি/ এমএল): ম্যানেজার: ২৩টি। অফিসার: ৪টি।

এপিআই ডেভেলপার: ম্যানেজার: ১৬টি। অফিসার ৪টি।

নেটওয়ার্ক অ্যাডমিনিস্ট্রেটর: ম্যানেজার: ১৩টি। অফিসার: ৭টি।

এরপর তিনের পাতায়

বিএসএনএলে ১২০ এক্সিকিউটিভ ট্রেনি

১২০ জন সিনিয়র এক্সিকিউটিভ ট্রেনি নেবে ভারত সঞ্চার নিগম লিমিটেড (বিএসএনএল)। নিয়োগ করা হবে ফিনান্স ও টেলিকম শাখায়। প্রবেশনের মেয়াদ ২ বছর। প্রবেশনের শেষে নিয়োগ করা হবে সিনিয়র এক্সিকিউটিভ পদে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: BSNLCO-11/12(11)/1/2025-RECTT-CO-Part(1)

শাখা অনুসারে শূন্যপদের বিন্যাস: টেলিকম: ৯৫টি (সাধারণ ৪০, তফসিলি জাতি ১৪, তফসিলি

এরপর বারোর পাতায়

শীঘ্রই প্রকাশিত হচ্ছে

ও আরও অনেক কিছু

স্বনির্ভরতার সন্ধান

কচুরিপানা থেকে তৈরি টেবিল ল্যাম্প ও নানাবিধ হস্তশিল্প উপার্জনের পথ দেখাচ্ছে

কচুরিপানা, ফুল ও আগাছা প্রক্রিয়াকরণ করে তৈরি হচ্ছে নানাবিধ হস্তশিল্পসামগ্রী। প্রশিক্ষণ নিয়ে নিজে ব্যবসা করা যায়। অথবা পাইকারি দরে কিনে বিক্রি করেও ভালো রোজগার হতে পারে।

নিজস্ব প্রতিনিধি: ফেলে দেওয়া ফুল, রাস্তার পাশে গজিয়ে ওঠা আগাছা ও তার সঙ্গে কচুরিপানার আঁশ— এই দিয়ে তৈরি হচ্ছে নানা ধরনের অতি আধুনিক টেবিল ল্যাম্প। কচুরিপানা থেকে তৈরি পাতের উপর ডোকরার কাজ করে ও কাঠের ফ্রেম বসিয়ে তৈরি হচ্ছে ওয়াল হ্যাঙিং। স্বচ্ছতা পুকার ফাউন্ডেশন এই কাজের মাধ্যমে উপার্জনের দিশা দেখাচ্ছে বহু মানুষকে।

কচুরিপানা থেকে ফাইবার বের করার পদ্ধতি এবং সেই ফাইবার কাজে লাগিয়ে বিভিন্ন সামগ্রী তৈরি করার ভাবনা স্বচ্ছতা পুকার ফাউন্ডেশনের কর্ণধার গৌরব আনন্দের। যে-কচুরিপানা মাছ ও জলজ প্রাণীদের জীবনধারণের ক্ষেত্রে প্রতিকূলতা সৃষ্টি করে, তাকেই কাজে লাগিয়ে বিভিন্ন পরিবেশবান্ধব সামগ্রী তৈরি করছে এই সংস্থা। এদের কাজ ক্লিনিং ড্রাইভের মাধ্যমে পরিবেশকে দূষণমুক্ত রাখা। সেইসঙ্গে কর্মসংস্থানের, বিশেষ করে মহিলাদের

এরপর পাঁচের পাতায়

কর্মক্ষেত্র

শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

কর্মখালি

বেহালায় Engg. Co.-তে ড্রইং জানা মেকানিক্যাল ফিটার/ VMC/ VMM/ CMM অপারেটর চাই। M-98369-20790.

□

অবসরপ্রাপ্তদের সম্মানের সাথে পুনর্নিয়োগ, কলি স্বনামধন্য Co.তে অফিস জবে Govt/Pvt Retd/VRS-দের জন্য। 45-70, HS+. Salary+PF+ Bonus. সঙ্গীতা-90510-18065.

□

Kol অফিসে Area Manager reqd 2yrs expd Fixed 30K age 25-35, Telecaller 7K, Admin-20K. Office staff Age 60+, Earn 50K+. 97755-07263.

□

দঃ হাওড়াতে ছোট পরিবারের 75 বছরের প্রৌঢ়কে দেখাশুনা ও অন্যান্য বাড়ির হালকা কাজের জন্য 24 ঘণ্টার কাজের মহিলা চাই। বেতন: 10,000/- + থাকা-খাওয়া, M: 82407-91505.

□

Vivekananda Mission School, Baruipur, Urgently requires PGT (with B.Ed) in Social Studies, Bengali and Hindi for its Primary Section and Graduate teachers (with D.El.Ed) for its Pre-Primary section. Candidates must be fluent in English, have computer proficiency and minimum 2 years of experience in similar role. Salary as per ROPA scale. Interested candidates may apply in the next 7 days through our website: https://vms.edu.in/careers

□

কর্মখালি

HS (Sc./Com.)/B.Com/B.Sc/LL.B required for Tax Firm near South City Mall. Send bio-data with expected salary to agmg312@gmail.com

□

পাবলিকেশনের কাজের জন্য, অভিজ্ঞ D.T.P অপারেটর চাই। সত্বর যোগাযোগ করুন। Mob: 85840-38635 (কলকাতা)।

□

ব্যাঙ্গালোরে স্বামী-স্ত্রী ও ৩ বছরের যমজ সন্তানের বাঙালী পরিবারে রান্না ও ঘরের কাজের জন্য ৫০ বছরের নীচে পিছুটানহীন মহিলা প্রয়োজন। 96320-18089.

□

Teachers required (Urgent)- 1) Pol. Sc, Hindi (MA. B.Ed) 2) Maths, Physics, Geo (M.Sc B.Ed). Exp: 3-5yrs. Age- Above 30. Place Batanagar, Maheshtala (S) 24 Pgs. Emai: happyhomeenglishschool@gmail.com Ph. No. 84207-98994.

□

Kol based CA firm requires accounts assistants with expertise in accounts in tally, income tax, word, excel. Send CV in ddc_in@rediffmail.com

□

ICSE & ISC Affiliated School requires expd PGT, TGT & Pre-Primary Teachers with an Eng-Med background for all sub Sci, Comm & Hum streams. Apply within 7 days at jmicv2022@gmail.com Hooghly Dist preferable.

□

Exp. Receptionist (M/F) required for a reputed hotel at Dumdum, send CV with exp. salary- sunjoy de@yahoo.in (fresher may apply).

□

কর্মখালি

সোনা রুপার দোকানে কাউন্টার সেলসম্যান (পুরুষ) চাই। কলিস্থ প্রার্থী অগ্রগণ্য। ঠিকানা-AE 336, সল্টলেক সেক্টর-১, Kol-64 কোয়ালিটি বাসস্টপের কাছে 98311-85454.

□

একজন Reputed Developer অফিসের জন্য Data Entry (Tally) জানা Accountant ও Marketing জন্য Male/Female চায়। 84201-36325 বেহালা অগ্রগণ্য।

□

Editor চাই

Chemistry, Mathematics ও Physics-এ Honours Graduate Editor চাই। CV এবং মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও Graduation-এর marksheets email করুন rayand martineditor@gmail.com-এ। 6C রমানাথ মজুমদার স্ট্রিট। কল-9. কলেজ স্ট্রিটে কলেজ স্কোয়্যারের কাছে।

□

হাওড়া রামরাজাতলাতে সুদক্ষ Lathe, CNC, VMC মেশিন অপারেটর প্রয়োজন। যোগাযোগ- 86177-74279. Email- info@bicfoundry.in

□

হাওড়া সালকিয়াতে মেকানিকাল ড্রইং এর এস্টিমেশান জানা ও একাউন্টস জানা দক্ষ লোক চাই। MEC 82405-66276/98043-05592.

□

প্রখ্যাত জুয়েলারী দোকানে (দঃ কলিকাতা) H.S পাশ, কম্পিউটার জানা M/Fc সেলসম্যান প্রয়োজন। 30 বৎসরের মধ্যে। মাহিনা- 10/12 হাজার +অন্যান্য। সরাসরি চুক্তিভিত্তিক, M/ Wapp.-90076-17390.

□

কর্মখালি

ITC H.L বিস্কফার্ম ইমামি ও অন্যান্য প্রাইভেট কোং ও মলের জন্য T.C, Peon. S.V. স্টোরকিপার ম্যানেজার রিশেপসনিস্ট চাই। 16K-41K OT সহ PF ESI 90730-05504.

□

Accountant চাই। Tally-তে Accounts জানতে হবে। Ph- 99199-16043/ 62895-40812. Office-Kolkata. Time- 11am to 8pm.

□

ব্যারাকপুর ও কাঁকুড়গাছি অফিসে বসে কাজ HS/BA 30-65 Retd VRS ব্যাঙ্ক রেলকর্মী আর্মি টিচার ও গৃহবধূ স্বাগত 30k. 94336-70388/90079-71467.

□

ছোট বাচ্চা দেখার জন্য সর্বক্ষণের অভিজ্ঞ আয়া চাই। থাকা খাওয়া সহ বেতন 10000/- টাকা। গড়িয়াহাট: 90029-16729/98310-09890.

□

বেহালা-জোকা, টালিগঞ্জ এলাকার জন্য সিকুঃ গার্ড/অফিস বয় চাই। যোগ্যতা ফ্রেসার্স 10k-12k বেতন+PF +ESI, থাকার ব্যবস্থা আছে। M: 90389-41244.

□

জীবনের দ্বিতীয় অধ্যায়ে সময়কে কাজে লাগান। কলকাতার Reputed Co-তে Fixed অতিরিক্ত আয় করুন। Retd Bank/Govt/CA/Defence নিয়োগে। M: 98311-09272.

□

Wanted Operations Executive for Reputed Logistics Firm in Kolkata. Proficiency in Email & MS Office, and Good Communication Skills required. Salary no bar. Send CV: HRTEAM0852@GMAIL.COM

□

কর্মখালি

শিয়ালদহ বৌবাজারের রেপুটেড জুয়েলারী শোরুমে স্মার্ট (বয়স 37-এর মধ্যে) সেলসম্যান, সেলসগার্ল ও ড্রাইভার প্রয়োজন। M-92392-13008.

□

Blue Airways- গ্রাউন্ড স্টাফ, ট্রলিবয়, হাউসকিপিং, রিশেপসনিস্ট, Peon, Checking, ব্যাক অফিস পুরুষ মহিলা চাই। বেতন 18K-56K PF, ESI, OT. 90883-00956.

□

E Books.Com@ ফ্রি টাইমে স্বগৃহে/ Biodata, ফর্ম ফিলাপ/ Project লিখে/ Comp, ল্যাপটপ/স্মার্ট ফোনে টাইপ/ 6K সপ্তাহে আয়। 62911-59330, 94335-61720.

□

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৭ ফেব্রুয়ারি দুপুর ২টো পর্যন্ত।

□□□

১৮ ফেব্রুয়ারির **কর্মক্ষেত্র**র জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১৪ ফেব্রুয়ারি দুপুর ২টো পর্যন্ত।

□□□

বিজ্ঞাপন দিতে আগ্রহীরা যোগাযোগ করুন: ৮৯৬১২-৪২৬২৯

কর্মখালি

অভিজ্ঞতা ও যোগাযোগের মাধ্যমে অনকল্যানমূলক কাজে যুক্ত হয়ে পার্টটাইম জবে অর্থ উপার্জন ও নতুন করে নিজে প্রতিষ্ঠিত হন। 35-67, HS+. 93398-15169/62954-60095.

□

অবসরপ্রাপ্ত Govt/ Pvt/ PSU/ Bank/ রেল/ গৃহবধূ/ ব্যবসায়ীদের (40-70) Part/Full Time জব Big Indian Co. in Kol. Huge Income+PF+Med. চন্দ— 90075-10903.

□

Retd-Rail/Sail/Banker/গৃহঃ/Pvt/ VRS/ ব্যবসায়ী/ গৃহবধূ চাই ভারতের বৃহত্তম Co'র Kol পার্ট/ফুল টাইম কাজ 25-70yr আয় 4-6Lac/pa+PF+ESI 72784-75626.

DISCLAIMER
SWARNAKSHAR PRAKASANI PVT. LTD.

assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.

পাঠকের প্রতি

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

ভারতীয় রেলে ২২১৯৫ গ্রুপ 'ডি'

প্রথম পাতার পর

নর্থ ওয়েস্টার্ন রেলওয়ে (জয়পুর): অ্যাসিস্ট্যান্ট (ব্রিজ) ১২টি, অ্যাসিস্ট্যান্ট (ক্যারেজ অ্যান্ড ওয়াগন) ৪৬টি, অ্যাসিস্ট্যান্ট অপারেশনস (ইলেক্ট্রিক্যাল) ১৫টি, অ্যাসিস্ট্যান্ট টিএল অ্যান্ড এসি ২৬টি, অ্যাসিস্ট্যান্ট পি-ওয়ে ৬টি, ট্র্যাক মেইন্টেনর গ্রুপ ফোর ৬০০টি, অ্যাসিস্ট্যান্ট (সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন) ৩৫টি, অ্যাসিস্ট্যান্ট (ট্র্যাক মেশিন) ১৩টি, পয়েন্টসম্যান বি ২০০টি, অ্যাসিস্ট্যান্ট টিআরডি ২১টি।

নর্থ সেন্ট্রাল রেলওয়ে (এলাহাবাদ): অ্যাসিস্ট্যান্ট (ব্রিজ) ৩২টি, অ্যাসিস্ট্যান্ট (ক্যারেজ অ্যান্ড ওয়াগন) ৩০টি, অ্যাসিস্ট্যান্ট লোকো শেড (ইলেক্ট্রিক্যাল) ৭টি, অ্যাসিস্ট্যান্ট অপারেশনস (ইলেক্ট্রিক্যাল) ৩১টি, ট্র্যাক মেইন্টেনর গ্রুপ ফোর ৬০০টি, অ্যাসিস্ট্যান্ট (সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন) ১১৪টি, অ্যাসিস্ট্যান্ট (ট্র্যাক মেশিন) ১৯টি, পয়েন্টসম্যান বি ৩০০টি, অ্যাসিস্ট্যান্ট টিআরডি ৫০টি।

সাউথ ওয়েস্টার্ন রেলওয়ে (হুবলি): অ্যাসিস্ট্যান্ট (ব্রিজ) ১৩টি, অ্যাসিস্ট্যান্ট (ক্যারেজ অ্যান্ড ওয়াগন) ৯টি, ট্র্যাক মেইন্টেনর গ্রুপ ফোর ৫৮টি, পয়েন্টসম্যান বি ১০টি।

ওয়েস্ট সেন্ট্রাল রেলওয়ে (জবলপুর): অ্যাসিস্ট্যান্ট (ব্রিজ) ২টি, অ্যাসিস্ট্যান্ট (ক্যারেজ অ্যান্ড ওয়াগন) ৫০টি, অ্যাসিস্ট্যান্ট লোকো শেড (ইলেক্ট্রিক্যাল) ২১টি, অ্যাসিস্ট্যান্ট অপারেশনস (ইলেক্ট্রিক্যাল) ৮টি, অ্যাসিস্ট্যান্ট টিএল অ্যান্ড এসি ৫টি, অ্যাসিস্ট্যান্ট পি-ওয়ে ৪২টি, ট্র্যাক মেইন্টেনর গ্রুপ ফোর ৫২২টি, অ্যাসিস্ট্যান্ট (সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন) ৯৩টি, অ্যাসিস্ট্যান্ট (ট্র্যাক মেশিন) ৩২টি, পয়েন্টসম্যান বি ৩০৩টি, অ্যাসিস্ট্যান্ট টিআরডি ৬৯টি।

ইস্ট কোস্ট রেলওয়ে (ভুবনেশ্বর): অ্যাসিস্ট্যান্ট (ব্রিজ) ৫টি, অ্যাসিস্ট্যান্ট (ক্যারেজ অ্যান্ড ওয়াগন) ৪৮টি, অ্যাসিস্ট্যান্ট লোকো শেড (ইলেক্ট্রিক্যাল) ৫টি, অ্যাসিস্ট্যান্ট অপারেশনস (ইলেক্ট্রিক্যাল) ৮টি, অ্যাসিস্ট্যান্ট টিএল অ্যান্ড এসি ৭টি, অ্যাসিস্ট্যান্ট পি-ওয়ে ৫টি, ট্র্যাক মেইন্টেনর গ্রুপ ফোর ৪০০টি, অ্যাসিস্ট্যান্ট (সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন) ৪৩টি, অ্যাসিস্ট্যান্ট (ট্র্যাক মেশিন) ৭৭টি, পয়েন্টসম্যান বি ১৬৩টি, অ্যাসিস্ট্যান্ট টিআরডি ৪২টি।

সাউথ ইস্ট সেন্ট্রাল রেলওয়ে (বিলাসপুর): অ্যাসিস্ট্যান্ট (ব্রিজ) ১১টি, অ্যাসিস্ট্যান্ট (ক্যারেজ অ্যান্ড ওয়াগন) ৪৩টি, অ্যাসিস্ট্যান্ট লোকো শেড (ইলেক্ট্রিক্যাল) ৫টি, অ্যাসিস্ট্যান্ট অপারেশনস (ইলেক্ট্রিক্যাল) ৫টি, অ্যাসিস্ট্যান্ট টিএল অ্যান্ড এসি ১৭টি, অ্যাসিস্ট্যান্ট পি-ওয়ে ৪টি, ট্র্যাক মেইন্টেনর গ্রুপ ফোর ৬২৯টি, অ্যাসিস্ট্যান্ট (সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন) ৬৬টি, অ্যাসিস্ট্যান্ট (ট্র্যাক মেশিন) ২৪টি, পয়েন্টসম্যান বি ৩৩৮টি, অ্যাসিস্ট্যান্ট টিআরডি ৫৭টি।

নর্দার্ন রেলওয়ে (নিউ দিল্লি): অ্যাসিস্ট্যান্ট (ব্রিজ) ৩০৭টি, অ্যাসিস্ট্যান্ট (ক্যারেজ অ্যান্ড ওয়াগন) ২৫১টি, অ্যাসিস্ট্যান্ট লোকো শেড (ইলেক্ট্রিক্যাল) ৬০টি, অ্যাসিস্ট্যান্ট অপারেশনস (ইলেক্ট্রিক্যাল) ৮৭টি, অ্যাসিস্ট্যান্ট টিএল অ্যান্ড এসি ১২৬টি, অ্যাসিস্ট্যান্ট পি-ওয়ে ৮৫টি, ট্র্যাক মেইন্টেনর গ্রুপ ফোর ১৭৬৪টি, অ্যাসিস্ট্যান্ট (সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন) ২১৯টি, অ্যাসিস্ট্যান্ট (ট্র্যাক মেশিন) ১৭টি, পয়েন্টসম্যান বি ৫২৪টি, অ্যাসিস্ট্যান্ট টিআরডি ৯৭টি।

সাদার্ন রেলওয়ে (চেন্নাই): অ্যাসিস্ট্যান্ট (ব্রিজ) ১৯টি, অ্যাসিস্ট্যান্ট (ক্যারেজ অ্যান্ড ওয়াগন) ৬৫টি, অ্যাসিস্ট্যান্ট লোকো শেড (ইলেক্ট্রিক্যাল) ১৩টি, অ্যাসিস্ট্যান্ট টিএল অ্যান্ড এসি ৩৭টি, অ্যাসিস্ট্যান্ট পি-ওয়ে ৮টি, ট্র্যাক মেইন্টেনর গ্রুপ ফোর ৫৫৬টি, অ্যাসিস্ট্যান্ট (সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন) ৩০টি, অ্যাসিস্ট্যান্ট (ট্র্যাক মেশিন) ২৪টি, পয়েন্টসম্যান বি ২৪১টি, অ্যাসিস্ট্যান্ট টিআরডি ৪৩টি।

নর্থ ইস্টার্ন রেলওয়ে (গোরখপুর): অ্যাসিস্ট্যান্ট (ব্রিজ) ১৬টি, অ্যাসিস্ট্যান্ট (ক্যারেজ অ্যান্ড ওয়াগন) ২৩টি, অ্যাসিস্ট্যান্ট লোকো শেড (ইলেক্ট্রিক্যাল) ১৮টি, অ্যাসিস্ট্যান্ট অপারেশনস (ইলেক্ট্রিক্যাল) ৩৭টি, অ্যাসিস্ট্যান্ট টিএল অ্যান্ড এসি ২২টি, অ্যাসিস্ট্যান্ট পি-ওয়ে ৩৫টি, ট্র্যাক মেইন্টেনর গ্রুপ ফোর ৬২৮টি, অ্যাসিস্ট্যান্ট (সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন) ৬৩টি, অ্যাসিস্ট্যান্ট (ট্র্যাক মেশিন) ১৩টি, পয়েন্টসম্যান বি ৩০০টি, অ্যাসিস্ট্যান্ট টিআরডি ৪১টি।

নর্থইস্ট ফ্রন্টিয়ার রেলওয়ে (গুয়াহাটি): অ্যাসিস্ট্যান্ট (ব্রিজ) ২৫টি, অ্যাসিস্ট্যান্ট (ক্যারেজ অ্যান্ড ওয়াগন) ৩৮টি, অ্যাসিস্ট্যান্ট অপারেশনস (ইলেক্ট্রিক্যাল) ৫০টি, অ্যাসিস্ট্যান্ট টিএল অ্যান্ড এসি ৪৩টি, অ্যাসিস্ট্যান্ট পি-ওয়ে ৫টি, ট্র্যাক মেইন্টেনর গ্রুপ ফোর ৮৮৪টি, অ্যাসিস্ট্যান্ট (সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন) ১৪৮টি, অ্যাসিস্ট্যান্ট (ট্র্যাক মেশিন) ৩৩টি, পয়েন্টসম্যান বি ৫০০টি, অ্যাসিস্ট্যান্ট টিআরডি ৫০টি।

সেন্ট্রাল রেলওয়ে (মুম্বই): অ্যাসিস্ট্যান্ট (ব্রিজ) ৬৭টি, অ্যাসিস্ট্যান্ট (ক্যারেজ অ্যান্ড ওয়াগন) ৭২টি, অ্যাসিস্ট্যান্ট লোকো শেড (ইলেক্ট্রিক্যাল) ৪১টি, অ্যাসিস্ট্যান্ট অপারেশনস (ইলেক্ট্রিক্যাল) ৫৩টি, অ্যাসিস্ট্যান্ট টিএল অ্যান্ড এসি ৯৫টি, অ্যাসিস্ট্যান্ট পি-ওয়ে ৬টি, ট্র্যাক মেইন্টেনর গ্রুপ ফোর ৬৮১টি, অ্যাসিস্ট্যান্ট (সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন) ১৩৮টি, অ্যাসিস্ট্যান্ট (ট্র্যাক মেশিন) ১৩৩টি, পয়েন্টসম্যান বি ৫৪৩টি, অ্যাসিস্ট্যান্ট টিআরডি ১৫০টি।

ইস্ট সেন্ট্রাল রেলওয়ে (হাজিপুর): অ্যাসিস্ট্যান্ট (ব্রিজ) ২৭টি, অ্যাসিস্ট্যান্ট (ক্যারেজ অ্যান্ড ওয়াগন) ৫০টি, অ্যাসিস্ট্যান্ট অপারেশনস (ইলেক্ট্রিক্যাল) ২৮টি, অ্যাসিস্ট্যান্ট পি-ওয়ে ২২টি, ট্র্যাক মেইন্টেনর গ্রুপ ফোর ৫০০টি, অ্যাসিস্ট্যান্ট (সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন) ২৪টি, অ্যাসিস্ট্যান্ট (ট্র্যাক মেশিন) ১০৫টি, পয়েন্টসম্যান বি ২২৫টি, অ্যাসিস্ট্যান্ট টিআরডি ১২টি।

সাউথ সেন্ট্রাল রেলওয়ে (সেকেন্দ্রাবাদ): অ্যাসিস্ট্যান্ট (ব্রিজ) ১টি, অ্যাসিস্ট্যান্ট (ক্যারেজ অ্যান্ড ওয়াগন) ২২টি, অ্যাসিস্ট্যান্ট অপারেশনস (ইলেক্ট্রিক্যাল) ১০টি, অ্যাসিস্ট্যান্ট টিএল অ্যান্ড এসি ২০টি, অ্যাসিস্ট্যান্ট পি-ওয়ে ৩৯টি, ট্র্যাক মেইন্টেনর গ্রুপ ফোর ৬৫৩টি, অ্যাসিস্ট্যান্ট (সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন) ৭৫টি, অ্যাসিস্ট্যান্ট (ট্র্যাক মেশিন) ২৯টি, পয়েন্টসম্যান বি ১২৮টি, অ্যাসিস্ট্যান্ট টিআরডি ৩৫টি।

শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা আইটিআই বা ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ বা সমতুল।

বয়স: ১-১-২০২৬ তারিখে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। বিধবা, ডিভোর্সি, আইনত স্বামীবিচ্ছিন্নারা পুনরায় বিবাহ করে না থাকলে ৩৫ বছর পর্যন্ত বয়স গ্রাহ্য হবে।

শুরুতে বেতন: ১৮,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা ও দৈহিক সক্ষমতার পরীক্ষার মাধ্যমে। কম্পিউটার-ভিত্তিক পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন থাকবে জেনারেল সায়েন্স (২৫ নম্বর), জেনারেল অ্যাওয়্যারনেস অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স (২০ নম্বর), ম্যাথমেটিক্স (২৫ নম্বর), জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং (৩০ নম্বর) বিষয়ে। সময় দেড় ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে।

দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে, ৩৫ কেজি (মহিলাদের ক্ষেত্রে ২০ কেজি) ওজন ২ মিনিটে ১০০ মিটার দূরত্বে বহন করে নিয়ে যাওয়া এবং ৪ মিনিট ১৫ সেকেন্ডে (মহিলাদের ক্ষেত্রে ৫ মিনিট ৪০ সেকেন্ডে) ১০০০ মিটার দৌড়।

অনলাইন দরখাস্ত করতে হবে প্রার্থী যে-আরআরবি-র শূন্যপদে আবেদন করবেন, তার নির্দিষ্ট ওয়েবসাইটের মাধ্যমে। প্রথমে ওয়েবসাইটে 'অ্যাকাউন্ট' তৈরি করতে হবে। পশ্চিমবঙ্গের প্রার্থীরা দরখাস্ত করবেন কলকাতা আরআরবি-র এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rrbkolkata.gov.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। **অনলাইন দরখাস্ত করা যাবে ২ মার্চ পর্যন্ত।**

অনলাইন দরখাস্ত করার সময় প্রার্থীর তাৎক্ষণিক ছবি (লাইভ ফটো), সই (জেপিজি বা জেপেগ ফর্ম্যাটে ৩০-৪৯ কেবি সাইজের মধ্যে) ও প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট সার্টিফিকেট (পিডিএফ ফর্ম্যাটে ৪০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

দরখাস্তের ফি বাবদ অনলাইন দিতে হবে ৫০০ টাকা। মহিলা, তফসিলি, সংখ্যালঘু, ট্রান্সজেন্ডার, আর্থিক ভাবে অনগ্রসর, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ফি ২৫০ টাকা। প্রথম পর্যায়ের কম্পিউটার-ভিত্তিক পরীক্ষায় অংশ নিলে ব্যাঙ্ক চার্জ বাদ দিয়ে যথাক্রমে ৪০০ টাকা এবং ২৫০ টাকা ফেরত পাওয়া যাবে। ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে।

ফি জমা দেওয়ার শেষ তারিখ ৪ মার্চ।

দরখাস্ত সংশোধন করা যাবে ৫ থেকে ১৪ মার্চ পর্যন্ত। প্রতি বার সংশোধনের ক্ষেত্রে ফি বাবদ দিতে হবে ২৫০ টাকা।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে ফোন করতে পারেন এই নম্বরে: ৬২৯১৫-১৬৮৭৩।

উত্তর ২৪ পরগনায় ৯২৭ স্বাস্থ্যকর্মী

প্রথম পাতার পর

ওবিসি-এ ১০, ওবিসি-বি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। শিক্ষাগত যোগ্যতা: এমবিবিএস, সঙ্গে ১ বছরের কম্পালসরি ইন্টার্নশিপ সম্পূর্ণ করে থাকতে হবে এবং ওয়েস্ট বেঙ্গল মেডিক্যাল কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। উচ্চতর শিক্ষাগত যোগ্যতা থাকলে অগ্রাধিকার। বয়স: ১-১-২০২৬ তারিখে ৬৭ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ৬০,০০০ টাকা।

স্টাফ নার্স (আর্বান প্রাইমারি হেল্থ সেন্টার): ১১৯টি (সাধারণ ৪২, তফসিলি জাতি ৪১, তফসিলি উপজাতি ৭, ওবিসি-এ ১৯, আর্থিক ভাবে অনগ্রসর ৭, সাধারণ-দক্ষ খেলোয়াড় ১, সাধারণ-প্রতিবন্ধী ২)। শিক্ষাগত যোগ্যতা: জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা বা নার্সিংয়ে বি এসসি পাশ। এর পাশাপাশি ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। বয়স: ১-১-২০২৬ তারিখে ৪০ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ২৫,০০০ টাকা।

কমিউনিটি হেলথ অ্যাসিস্ট্যান্ট: ৪০০টি (সাধারণ ১৬০, তফসিলি জাতি ৮৪, তফসিলি উপজাতি ২৪, ওবিসি-এ ৪০, ওবিসি-বি ২৮, আর্থিক ভাবে অনগ্রসর ৪০, সাধারণ-দক্ষ খেলোয়াড় ৮, সাধারণ-প্রতিবন্ধী ১২, তফসিলি জাতি-প্রতিবন্ধী ৪)। শিক্ষাগত যোগ্যতা: অক্সিলারি নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি বা জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি কোর্স পাশ। এর পাশাপাশি ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। সংশ্লিষ্ট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। বয়স: ১-১-২০২৬ তারিখে ২১ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ১৩,০০০ টাকা।

এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর OCMOHN/HSS-HR-112/774.

কমিউনিটি হেলথ অফিসার (নার্সিং): ১০৭টি (সাধারণ ৪২, তফসিলি জাতি ২৩, তফসিলি উপজাতি ৭, ওবিসি-এ ১১, ওবিসি-বি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ১১, সাধারণ-প্রতিবন্ধী ৩, সাধারণ-দক্ষ খেলোয়াড় ২, তফসিলি জাতি-প্রতিবন্ধী ১)। শিক্ষাগত যোগ্যতা: ব্রিজ প্রোগ্রাম সার্টিফিকেট ইন কমিউনিটি হেলথ নার্সিং (বিপিসিসিএইচএন) ইন্টিগ্রেটেড কোর্স-সহ বি এসসি নার্সিং ডিগ্রি। প্রার্থীকে ২০২১ বা তার পরে ডিগ্রি কোর্স পাশ করে থাকতে হবে। অথবা, জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা বা পোস্ট বেসিক বি এসসি বা বি এসসি নার্সিং কোর্স পাশ। এ ক্ষেত্রে প্রার্থীকে ২০২১ সালের আগে ডিপ্লোমা বা ডিগ্রি কোর্স পাশ করে থাকতে হবে। ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিলে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে। এমএস অফিস এবং ইন্টারনেটে কাজ করতে জানলে অগ্রাধিকার। বয়স: ১-৪-২০২৫ তারিখে ৪০ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ২০,০০০ টাকা।

কমিউনিটি হেলথ অফিসার (আয়ুর্বেদ): ৪টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: আয়ুর্বেদিক মেডিসিনে স্নাতক (বিএএমএস)। ওয়েস্ট বেঙ্গল আয়ুর্বেদ কাউন্সিলে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে। এমএস অফিস এবং ইন্টারনেটে কাজ করতে জানলে অগ্রাধিকার। বয়স: ১-৪-২০২৫ তারিখে ৪০ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ২০,০০০ টাকা।

প্রার্থীকে বাংলা ভাষায় দক্ষ হতে হবে।

এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর OCMOHN/HSS-HR-112/776.

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.north24parganashealth.org আবেদনের শেষ তারিখ ৯ ফেব্রুয়ারি।

কমিউনিটি হেলথ অ্যাসিস্ট্যান্ট: ৬৬টি (সাধারণ ২৩, তফসিলি জাতি ১৯, তফসিলি উপজাতি ৫, ওবিসি-এ ৭, আর্থিক ভাবে অনগ্রসর ৮, সাধারণ-দক্ষ খেলোয়াড় ২, সাধারণ-প্রতিবন্ধী ২)। শিক্ষাগত যোগ্যতা: অক্সিলারি নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি বা জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি কোর্স পাশ। এর পাশাপাশি ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। সংশ্লিষ্ট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে ও বাংলা ভাষা জানা থাকা চাই। বয়স: ১-১-২০২৬ তারিখে ২১ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ১৩,০০০ টাকা।

মেডিক্যাল অফিসার: ৩৪টি (সাধারণ ১৪, তফসিলি উপজাতি ৪, ওবিসি-এ ৩, ওবিসি-বি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ৪, সাধারণ-দক্ষ খেলোয়াড় ১, সাধারণ-প্রতিবন্ধী ১)। শিক্ষাগত যোগ্যতা: এমবিবিএস, সঙ্গে ১ বছরের কম্পালসরি ইন্টার্নশিপ সম্পূর্ণ করে থাকতে হবে এবং ওয়েস্ট বেঙ্গল মেডিক্যাল কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। উচ্চতর শিক্ষাগত যোগ্যতা থাকলে অগ্রাধিকার। বয়স: ১-১-২০২৬ তারিখে ৬৭ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ৬০,০০০ টাকা।

স্টাফ নার্স: পলিক্লিনিক: ৫১টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ১২, তফসিলি উপজাতি ৪, ওবিসি-এ ৬, ওবিসি-বি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ৫, সাধারণ-দক্ষ খেলোয়াড় ১, সাধারণ-প্রতিবন্ধী ২, তফসিলি জাতি প্রতিবন্ধী ১)। **আর্বান হেল্থ অ্যান্ড ওয়েলনেস সেন্টার:** ৬৭টি (সাধারণ ২১, তফসিলি জাতি ১৯, তফসিলি উপজাতি ৬, ওবিসি-এ ৯, ওবিসি-বি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ৫, সাধারণ-দক্ষ খেলোয়াড় ১, সাধারণ-প্রতিবন্ধী ২, তফসিলি জাতি প্রতিবন্ধী ১)। শিক্ষাগত যোগ্যতা: জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা বা নার্সিংয়ে বি এসসি পাশ। এর পাশাপাশি ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। স্থানীয় ভাষায় দক্ষ হতে হবে। বয়স: ১-১-২০২৬ তারিখে ৪০ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ২৫,০০০ টাকা।

কাউন্সেলর: ৩৭টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৪, ওবিসি-এ ৫, ওবিসি-বি ২, আর্থিক ভাবে অনগ্রসর ৩, সাধারণ-দক্ষ খেলোয়াড় ১, সাধারণ-প্রতিবন্ধী ১, তফসিলি জাতি প্রতিবন্ধী ১)। শিক্ষাগত যোগ্যতা: সোশ্যাল সায়েন্সে স্নাতক, সঙ্গে স্বাস্থ্য বা সামাজিক ক্ষেত্রে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। এমএস অফিস-সহ কম্পিউটার ব্যবহারে দক্ষ হতে হবে। বাংলা ভাষায় লিখতে ও বলতে পারা চাই। বয়স: ১-১-২০২৬ তারিখে ২১ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ২০,০০০ টাকা।

এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর OCMOHN/HSS-HR-112/775.

সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.north24parganashealth.org আবেদনের শেষ তারিখ ৬ ফেব্রুয়ারি।

দরখাস্তের সময় প্রার্থীর ফটো, সই, বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র, সচিত্র পরিচয়পত্র, স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্র, কাস্ট, ওবিসি সার্টিফিকেট, আর্থিক ভাবে অনগ্রসর, দক্ষ খেলোয়াড়দের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট, প্রযোজ্য ক্ষেত্রে কাজের অভিজ্ঞতার সার্টিফিকেট স্ক্যান করে আপলোড করতে হবে। নথিপত্রগুলি স্ক্যান করে একটি সিঙ্গল পিডিএফ ফাইলে সেভ করবেন।

দরখাস্তের ফি বাবদ অনলাইনে দিতে হবে ১০০ টাকা (তফসিলি, ওবিসি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ টাকা)। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউটগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: https://wbhealth.gov.in

স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় ২২৭৩

প্রথম পাতার পর

হরিয়ানা, পঞ্জাব): ১০৭টি (সাধারণ ৪৪, তফসিলি জাতি ১৬, তফসিলি উপজাতি ৭, ওবিসি ৩০, আর্থিক ভাবে অনগ্রসর ১০)। গুয়াহাটি (আসাম/ অরুণাচল প্রদেশ/ মণিপুর/ মেঘালয়/ মিজোরাম/ নাগাল্যান্ড/ ত্রিপুরা): ৭৯টি (সাধারণ ২৯, তফসিলি জাতি ১৩, তফসিলি উপজাতি ৫, ওবিসি ২৬, আর্থিক ভাবে অনগ্রসর ৬)। জয়পুর (রাজস্থান): ১০৪টি (সাধারণ ৪৪, তফসিলি জাতি ১৫, তফসিলি উপজাতি ৭, ওবিসি ২৮, আর্থিক ভাবে অনগ্রসর ১০)। লখনউ (উত্তর প্রদেশ): ২২০টি (সাধারণ ৮১, তফসিলি জাতি ৩০, তফসিলি উপজাতি ৩৫, ওবিসি ৫৪, আর্থিক ভাবে অনগ্রসর ২০)। নয়াদিল্লি (দিল্লি, উত্তরাখণ্ড, হরিয়ানা, উত্তর প্রদেশ): ৮২টি (সাধারণ ৩৩, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৬, ওবিসি ২৫, আর্থিক ভাবে অনগ্রসর ৭)।

নিয়মানুসারে দৈহিক প্রতিবন্ধীদের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে।

শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, এর পাশাপাশি ৩১-১২-২০২৫ তারিখ অনুসারে কোনও শিডিউলড ব্যাঙ্ক বা গ্রামীণ ব্যাঙ্কে অফিসার পদে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে সংশ্লিষ্ট ভাষায় লিখতে, পড়তে ও বলতে জানতে হবে এবং ল্যাঙ্গুয়েজ টেস্ট দিতে হবে। তবে মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিক স্তরে সংশ্লিষ্ট ভাষা পড়ে থাকলে ল্যাঙ্গুয়েজ টেস্ট দিতে হবে না।

বয়স: ৩১-১২-২০২৫ তারিখে ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

বেতনক্রম: ৪৮,৪৮০-৮৫,৯২০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। ১২০ নম্বরের কম্পিউটারভিত্তিক অনলাইন পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এই সব বিষয়ে: ইংলিশ ল্যাঙ্গুয়েজ, ব্যাঙ্কিং নলেজ, জেনারেল অ্যাওয়্যারনেস ও ইকনমি এবং কম্পিউটার অ্যাপ্টিটিউড। এর সঙ্গে থাকবে ডেসক্রিপটিভ টেস্ট (৫০ নম্বর)। ডেসক্রিপটিভ টেস্টে ইংরেজিতে লেটার ও এসে রাইটিং থাকবে।

পরীক্ষা মার্চে (সম্ভাব্য)। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি (স্টেট কোড ৪৫) হল: আসানসোল, দুর্গাপুর, হুগলি, হাওড়া, কল্যাণী, শিলিগুড়ি ও কলকাতা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://sbi.bank.in/web/careers/current openings. দরখাস্তের শেষ তারিখ ১৮ ফেব্রুয়ারি। মনে রাখবেন, প্রার্থী যে-কোনও একটি সার্কলের শূন্যপদের জন্য আবেদন করতে পারবেন। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। দরখাস্তের সময় আপলোড করতে হবে এই সব নথি: ✓প্রার্থীর সংক্ষিপ্ত জীবনপঞ্জি, ✓ সচিত্র পরিচয়পত্র, ✓ বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্র, ✓ কাজের অভিজ্ঞতার সার্টিফিকেট, ✓ শেষ পাওয়া ফর্ম-১৬, ✓ শেষ পাওয়া স্যালারি স্লিপ, ✓সম্প্রতি তোলা পাসপোর্ট মাপের রঙিন ফটো (সাদা বা হালকা রঙের ব্যাকগ্রাউন্ডে,২০-৫০ কেবি সাইজের মধ্যে), ✓কালো কালিতে করা সই (১০-২০ কেবি সাইজের মধ্যে), ✓বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ (২০-৫০ কেবি সাইজের মধ্যে) এবং ✓ইংরেজিতে প্রার্থীর নিজের হাতে লেখা ডিক্লারেশন (৫০-১০০ কেবি সাইজের মধ্যে)।

ফি বাবদ অনলাইন দিতে হবে ৭৫০ টাকা। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি জমা দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: https://sbi.bank.in

ডাক বিভাগে ২৮৬৩৫

প্রথম পাতার পর

উল্লেখ্য, ব্রাঞ্চ পোস্ট অফিসের জন্য জায়গার ব্যবস্থা করতে হবে ব্রাঞ্চ পোস্টমাস্টারকেই। তাঁকে সংশ্লিষ্ট গ্রামেই বসবাস করতে হবে। অ্যাসিস্ট্যান্ট ব্রাঞ্চ পোস্টমাস্টার ও ডাকসেবককে সংশ্লিষ্ট পোস্ট অফিসের চিঠি ডেলিভারির আওতাধীন এলাকার বাসিন্দা হতে হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://indiapost.gov.in/gdsonlineengagement প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। প্রথমে ওয়ান-টাইম রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের শেষ তারিখ ১৪ ফেব্রুয়ারি। অনলাইন দরখাস্ত করা যাবে ১৬ ফেব্রুয়ারি পর্যন্ত। অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (জেপেগ বা জেপিজি ফর্ম্যাটে ৩০-১০০ কেবি সাইজের মধ্যে) এবং সই (জেপেগ বা জেপিজি ফর্ম্যাটে ২০-১০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

আবেদনের ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও ট্রান্সজেন্ডার প্রার্থীদের ফি দিতে হবে না।

দরখাস্ত সংশোধন করা যাবে ১৮ ও ১৯ ফেব্রুয়ারি।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

এনআইটি-তে ১০১ অধ্যাপক

প্রথম পাতার পর

হবে এই সব শাখায়: বায়ো টেকনোলজি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, হিউম্যানিটিজ অ্যান্ড ম্যানেজমেন্ট, ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রোডাকশন, ইনফর্মেশন টেকনোলজি, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, ম্যাথমেটিক্স অ্যান্ড কম্পিউটিং, টেক্সটাইল টেকনোলজি। **বেতনক্রম:** পে লেভেল-১০ অনুসারে।

অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (গ্রেড ওয়ান): ২২টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৩, ওবিসি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। নিয়োগ করা হবে এই সব শাখায়: কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন টেকনোলজি, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, ম্যাথমেটিক্স অ্যান্ড কম্পিউটিং, টেক্সটাইল টেকনোলজি। **বেতনক্রম:** পে লেভেল-১২ অনুসারে।

অ্যাসোসিয়েট প্রফেসর: ৩০টি (সাধারণ ১২, তফসিলি উপজাতি ৪, ওবিসি ৯, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। নিয়োগ করা হবে এই সব শাখায়: বায়ো টেকনোলজি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, হিউম্যানিটিজ অ্যান্ড ম্যানেজমেন্ট, ইনফর্মেশন টেকনোলজি, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, ম্যাথমেটিক্স অ্যান্ড কম্পিউটিং, টেক্সটাইল টেকনোলজি, কেমিস্ট্রি, ফিজিক্স। **বেতনক্রম:** পে লেভেল-১৩এটু অনুসারে।

প্রফেসর: ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। নিয়োগ করা হবে এই সব শাখায়: বায়ো টেকনোলজি, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, হিউম্যানিটিজ অ্যান্ড ম্যানেজমেন্ট, ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রোডাকশন, ইনফর্মেশন টেকনোলজি, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, ম্যাথমেটিক্স অ্যান্ড কম্পিউটিং, টেক্সটাইল টেকনোলজি, কেমিস্ট্রি, ফিজিক্স। **বেতনক্রম:** পে লেভেল-১৪এ অনুসারে।

মোট শূন্যপদের মধ্যে ৯টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

বয়স: ৬০ বছরের মধ্যে হতে হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nitj.ac.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২৭ ফেব্রুয়ারি পর্যন্ত।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ২,০০০ টাকা (মহিলা, তফসিলি, আর্থিক ভাবে অনগ্রসর ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১,০০০ টাকা)।

শিক্ষাগত যোগ্যতা-সহ খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

ব্যাঙ্ক অব বরোদায় ২৮১

প্রথম পাতার পর

সার্ভার অ্যাডমিনিস্ট্রেটর (লিনাক্স অ্যান্ড ইউনিক্স): ম্যানেজার: ২৩টি। অফিসার: ৬টি। **ডেটাবেস অ্যাডমিনিস্ট্রেটর:** ম্যানেজার: ১৬টি। অফিসার: ৫টি। **ডেটা সায়েন্টিস্ট:** ম্যানেজার: ৯টি। **ডেটা ইঞ্জিনিয়ার:** ম্যানেজমেন্ট: ৮টি। অফিসার: ৩টি। **ফিনাক্যল ডেভেলপার:** ম্যানেজার: ১৯টি। অফিসার: ৫টি। **স্টোরেজ অ্যাডমিনিস্ট্রেটর অ্যান্ড ব্যাক আপ:** ম্যানেজার: ৬টি। **ডেভেলপার-মোবাইল অ্যাপ্লিকেশন ডেভেলপমেন্ট:** ম্যানেজার: ৭টি।

শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজি বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক বা এম ই বা এম টেক। এমসিএ পাশ প্রার্থীরাও আবেদন করতে পারেন। সংশ্লিষ্ট কাজে ম্যানেজার পদের ক্ষেত্রে ৩ বছর এবং অফিসার পদের ক্ষেত্রে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। জাভা বা এমইআরএন বা ক্লাউড ইঞ্জিনিয়ারিং বা এআই/জেন এআই/এনএলপি/এমএল/এপিআই ডেভেলপমেন্ট বিষয়ে সার্টিফিকেট কোর্স করে থাকলে অগ্রাধিকার। সিসকো বা অ্যারিস্টা থেকে নেটওয়ার্কিংয়ে সার্টিফিকেট কোর্স, রেড হ্যাট সার্টিফায়েড সিস্টেম অ্যাডমিনিস্ট্রেটর, মাইক্রোসফট/ভি এমওয়্যার, ডেটা সায়েন্সে সার্টিফিকেট কোর্স, ক্লাউডেরা থেকে সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেট কোর্স করে থাকলে অগ্রাধিকার। **বয়স:** ১-১-২০২৬ তারিখে ম্যানেজার পদের ক্ষেত্রে ২৪ থেকে ৩৪ বছর ও অফিসার পদের ক্ষেত্রে ২২ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। **বেতনক্রম:** অফিসার পদের ক্ষেত্রে ৪৮,৪৮০-৮৫,৯২০ টাকা। ম্যানেজার পদের ক্ষেত্রে ৬৪,৮২০-৯৩,৯৬০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে প্রযোজ্য ক্ষেত্রে অনলাইন পরীক্ষা, সাইকোমেট্রিক টেস্ট ও পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। অনলাইন পরীক্ষায় ২২৫ নম্বরের প্রশ্ন হবে এই সব বিষয়ে: রিজনিং, ইংলিশ ল্যাঙ্গুয়েজ, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড এবং সংশ্লিষ্ট বিষয়। নেগেটিভ মার্কিং নেই। সময়সীমা আড়াই ঘণ্টা। এ রাজ্যের পরীক্ষাকেন্দ্র কলকাতা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bankofbaroda.bank.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১৯ ফেব্রুয়ারি পর্যন্ত। অনলাইন আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো, সই, সম্পূর্ণ জীবনপঞ্জি-সহ যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে জেপিজি বা জেপেগ বা পিডিএফ ফর্ম্যাটে) আপলোড করতে হবে। দরখাস্ত সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ৮৫০ টাকা (মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১৭৫ টাকা)। ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত। ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড ই-রিসিপ্টের একটি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি নিজের কাছে রেখে দেবেন। পরে দরকার হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

কোচিন শিপইয়ার্ডে এক্সিকিউটিভ ট্রেনি

বিভিন্ন বিভাগে ৬১ জন এক্সিকিউটিভ ট্রেনি নেবে কোচিন শিপইয়ার্ড লিমিটেড। এটি কেন্দ্রের বন্দর, জাহাজ পরিবহণ ও জলপথ মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। প্রথমে ১ বছরের ট্রেনিং হবে। সফল ট্রেনিং শেষে নিয়োগ করা হবে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CSL/P&A/RECTT/PERMANENT/EXECUTIVE TRAINEE/2026/I

বিভাগ অনুসারে শূন্যপদের বিন্যাস: মেকানিক্যাল: ৩১টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ওবিসি ৯, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। **ইলেক্ট্রিক্যাল:** ১১টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **ইলেক্ট্রনিক্স:** ৪টি (সাধারণ ৩, ওবিসি ১)। **ন্যাভাল আর্কিটেকচার:** ৯টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, ওবিসি ২)। **সিভিল:** ৩টি (সাধারণ ২, ওবিসি ১)। **সেফটি:** ৩টি (সাধারণ ২, ওবিসি ১)।

শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬৫ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট বা সমতুল ইঞ্জিনিয়ারিং শাখায় স্নাতক। সমতুল শাখাগুলি হল— মেকানিক্যাল শাখার ক্ষেত্রে: ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল প্রোডাকশন অ্যান্ড টুল ইঞ্জিনিয়ারিং, মেকাট্রনিক্স, প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল (অটোমোবাইল) ইঞ্জিনিয়ারিং। ইলেক্ট্রিক্যাল শাখার ক্ষেত্রে: ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং। ন্যাভাল আর্কিটেকচার শাখার ক্ষেত্রে: ন্যাভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং, ন্যাভাল আর্কিটেকচার অ্যান্ড ওশান ইঞ্জিনিয়ারিং, ন্যাভাল আর্কিটেকচারে ডুয়াল ডিগ্রি (বি টেক এবং এম টেক), ন্যাভাল আর্কিটেকচার অ্যান্ড শিপ বিল্ডিং ইঞ্জিনিয়ারিং, ন্যাভাল আর্কিটেকচার অ্যান্ড মেরিন ইঞ্জিনিয়ারিং। ইলেক্ট্রনিক্স শাখার ক্ষেত্রে: অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং। সেফটি শাখার ক্ষেত্রে: সেফটি অ্যান্ড ফায়ার ইঞ্জিনিয়ারিং, ফায়ার টেকনোলজি অ্যান্ড সেফটি ইঞ্জিনিয়ারিং।

বয়স: ২০-২-২০২৬ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সে ছাড় পাবেন।

ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড বাবদ পাওয়া যাবে মাসিক ৫০,০০০ টাকা। সফল ট্রেনিং শেষে বেতনক্রম: ৪০,০০০-১,৪০,০০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন টেস্ট, গ্রুপ ডিসকাশন, রাইটিং স্কিল টেস্ট ও পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। অনলাইন টেস্টে অবজেকটিভ ধরনের প্রশ্ন থাকবে এই সব বিষয়ে (ব্র্যাকেট নম্বর)— জেনারেল অ্যাওয়্যারনেস (৫), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৫), নিউমেরিক্যাল এবিলিটি (৫), রিজনিং এবিলিটি (৫), সংশ্লিষ্ট বিষয় (৪০)। নেগেটিভ মার্কিং আছে। পরীক্ষাকেন্দ্র কেরলের বিভিন্ন শহরে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.cochinshipyard.in প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। দরখাস্ত করা যাবে ২০ ফেব্রুয়ারি পর্যন্ত। দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করবেন।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা। ফি জমা দেওয়া যাবে ক্রেডিট কার্ড বা ডেবিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ওয়ালেট বা ইউপিআইয়ের মাধ্যমে। তফসিলি প্রার্থীদের কোনও ফি দিতে হবে না। ফি রিসিপ্ট-সহ পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

ফুড কর্পোরেশনে ৩৩ হাজারের বেশি শূন্যপদ

২০২৪ সালের হিসেব অনুসারে ফুড কর্পোরেশন অব ইন্ডিয়ায় দেশ জুড়ে প্রায় সাড়ে ৩৩ হাজার শূন্যপদ রয়েছে। ইতিমধ্যে স্বাভাবিক ভাবেই শূন্যপদ আরও বৃদ্ধি পাওয়ারই কথা। ২০২৪-এর ৩০ জুন প্রকাশিত পরিসংখ্যান অনুসারে ক্যাটেগরি-টু'র জেনারেল ও ইঞ্জিনিয়ারিং ক্যাডারে শূন্যপদের সংখ্যা ৬,২২১টি, ক্যাটেগরি ৩-এ ২৭,৩৪৫টি। নতুন বছরে এই বিপুল সংখ্যক শূন্যপদে নিয়োগের প্রক্রিয়া শুরুর ব্যাপারে সুখবর আশা করছেন চাকরিপ্রার্থীরা।

ফুড কর্পোরেশনে জেনারেল, ইঞ্জিনিয়ারিং, মিসলেনিয়াস-সহ বিভিন্ন ক্যাডারে নিয়োগ হয়ে থাকে। পদ অনুসারে শিক্ষাগত যোগ্যতা চাওয়া হয়। গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। নিয়োগ হয় অঞ্চল অনুসারে— পূর্বাঞ্চল, পশ্চিমাঞ্চল, উত্তরাঞ্চল, দক্ষিণাঞ্চল, উত্তর-পূর্বাঞ্চলে। সঙ্গে রয়েছে সংস্থার হেডকোয়ার্টার্স। যে-কোনও একটি অঞ্চলের শূন্যপদে আবেদন করা যায়। সংস্থার ওয়েবসাইট: https://fci.gov.in

ন্যাশনাল হাইওয়েজে ডেপুটি ম্যানেজার

টেকনিক্যাল বিভাগে ৪০ জন ডেপুটি ম্যানেজার নেবে ন্যাশনাল হাইওয়েজ অথরিটি। এটি কেন্দ্রের রোড ট্রান্সপোর্ট অ্যান্ড হাইওয়েজ মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। প্রার্থীকে অবশ্যই গেট-২০২৫ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

ক্যাটেগরি অনুসারে শূন্যপদ: সাধারণ ২০, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ওবিসি ৯, আর্থিক ভাবে অনগ্রসর ৪। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

শিক্ষাগত যোগ্যতা: সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক। সেই সঙ্গে গেট-২০২৫ পরীক্ষায় সিভিল ইঞ্জিনিয়ারিং পত্রে স্কোর করে থাকতে হবে।

বয়স: ৯-২-২০২৬ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

বেতনক্রম: ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে গেট-২০২৫ পরীক্ষার সংশ্লিষ্ট পত্রে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nhai.gov.in অনলাইন দরখাস্ত করা যাবে ৯ ফেব্রুয়ারি পর্যন্ত। দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো, সই, মাধ্যমিকের সার্টিফিকেট, সিভিল ইঞ্জিনিয়ারিং সার্টিফিকেট, গেট-২০২৫ স্কোর কার্ড, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট বা দৈহিক প্রতিবন্ধকতা বা প্রাক্তন সমরকর্মীর সার্টিফিকেট আপলোড করতে হবে।

অনলাইন দরখাস্ত সাবমিট করার পর ইউনিক রেফারেন্স নম্বর-সহ অ্যাপ্লিকেশন অ্যাকনলেজমেন্টের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

কী শিখবেন, কোথায় শিখবেন

অনলাইনে দু'টি কৃষি-প্রশিক্ষণ

নিজস্ব প্রতিনিধি: অর্কিড চাষ এবং আধুনিক বাগান তৈরির পদ্ধতি— এই দু'টি কোর্সে অনলাইন প্রশিক্ষণ দেবে উত্তরপ্রদেশের ইনস্টিটিউট অব হর্টিকালচার টেকনোলজি। দু'টি কোর্সের ক্ষেত্রেই পঠনপাঠনের ভাষা হিন্দি এবং ইংরেজি। মহিলা ও পুরুষ উভয়ই আবেদন করতে পারেন। বয়সের কোনও বাধ্যবাধকতা নেই। আগ্রহীরা আবেদন করতে পারেন এখনই।

আধুনিক বাগান তৈরির এক দিনের প্রশিক্ষণ

বাড়ি, অফিস, শিক্ষাপ্রতিষ্ঠান, পুলিশ স্টেশন, আবাসন, বাজার— নানা জায়গার সৌন্দর্যায়ন করা হচ্ছে বাগান দিয়ে। জায়গা ও পরিবেশ অনুযায়ী বাগান তৈরির জন্য প্রয়োজন অভিজ্ঞ লোকের। বাড়ি থেকে অফিস, মডার্ন গার্ডেনিংয়ের পরিকাঠামো তৈরি করে দেওয়া এবং তা পর্যবেক্ষণ ও তদারকি করার জন্য প্রশিক্ষিত কর্মী পাওয়া যায়, যাঁরা এর মাধ্যমেই উপার্জন করেন। বাগান করার প্রশিক্ষণ থাকলে ভাবতে পারেন নিজের নার্সারি তৈরি করে আয়ের কথাও।

আগ্রহীরা বাড়িতে বসে অনলাইনে এক দিনের কোর্সে প্রশিক্ষণ নিতে পারেন।

কোর্সের নাম: অনলাইন মডার্ন হোম গার্ডেনিং অ্যান্ড কেয়ার।

সময়সীমা: ৬ ফেব্রুয়ারি দুপুর ২টো ৩০ মিনিট থেকে বিকেল ৪টে ৩০ মিনিট।

কী শেখানো হবে: টবের মাটি তৈরি, জল নিষ্কাশন ব্যবস্থা, গাছে জল দেওয়ার কারিকুরি, আলোর প্রয়োজনীয়তা, প্রাকৃতিক কীটনাশক, গাছের খাদ্য, প্রুনিং ইত্যাদি।

কোর্স ফি: ৯০০ টাকা।

অর্কিড চাষের তিন দিনের প্রশিক্ষণ

অর্কিড বনেদিয়ানা, ঐতিহ্য এবং রুচির প্রকাশ। তাই চড়া দাম সত্ত্বেও অর্কিডের কদর ও চাহিদা বিশ্বব্যাপী। প্রায় ২৫ হাজার প্রজাতির এবং দু' লক্ষের উপরে হাইব্রিড অর্কিড পাওয়া যায়। বিজ্ঞানসম্মত ভাবে অর্কিড চাষ করে সাফল্য পাচ্ছেন আমাদের রাজ্যের চাষিরাও। শিলিগুড়ি, পশ্চিম মেদিনীপুরে বাণিজ্যিক ভাবে অর্কিডের চাষ হচ্ছে।

প্রাকৃতিক পরিবেশের বাইরেও, কৃত্রিম আলো ও পলিহাউসে কৃত্রিম পরিবেশ তৈরি করে বাণিজ্যিক ভাবে অর্কিড চাষ করা সম্ভব। অর্কিড আর পাঁচটা গাছের চেয়ে অনেকটা আলাদা। মাটি নয়, এর জন্য প্রয়োজন কয়লা, খোয়া অথবা ঝামার টুকরো, নারকেলের ছোবড়া ইত্যাদি।

অর্কিড চাষ বেকার যুবক-যুবতীদের উপার্জনের দিশা দেখাতে পারে। তবে তার জন্য আগে প্রয়োজন প্রশিক্ষণ।

কোর্সের নাম: অর্কিড প্রোডাকশন ইন প্রোটেক্টেড সেট আপ।

কোর্সের সময়সীমা: ৫ থেকে ৭ মার্চ।

ক্লাস: সকাল ১০টা থেকে দুপুর দেড়টা পর্যন্ত।

কোর্স ফি: ৬,৪৮৮ টাকা।

কী শেখানো হবে: বেসিক লে-আউট এবং স্ট্রাকচার ডিজাইন, যন্ত্রপাতির ব্যবহার, টিস্যু কালচার, পিএইচ এবং ইসি মনিটরিং, চাষের পদ্ধতি, মার্কেটিং ইত্যাদি।

আবেদনের পদ্ধতি: দু'টি কোর্সের ক্ষেত্রেই আবেদন করা যাবে অনলাইন, এই ওয়েবসাইটের মাধ্যমে: https://iht.edu.in/

এমবিএ কোর্সে আবেদনের মেয়াদ বৃদ্ধি আইআইটি মাদ্রাজে

নিজস্ব প্রতিনিধি: আইআইটি মাদ্রাজে মাস্টার অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (এমবিএ) কোর্স পড়তে পারেন। পড়াশোনার পাশাপাশি ৮ থেকে ১০ সপ্তাহের একটি সামার ইন্টার্নশিপ করারও সুযোগ পাওয়া যাবে। কোর্সে ভর্তির জন্য ৩১ জানুয়ারি ছিল আবেদনের শেষ তারিখ। প্রতিষ্ঠানের তরফে এবার আবেদনের মেয়াদ বৃদ্ধি করা হল। ৮ ফেব্রুয়ারি পর্যন্ত এই কোর্সে ভর্তির জন্য আবেদন করা যাবে।

কোর্সের মেয়াদ: ২ বছর।

শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ (সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর সহ যে-কোনও বিষয়ে স্নাতক। ক্যাট বা জিম্যাট-এ স্কোর করে থাকতে হবে। ফাইনাল ইয়ারে পাঠরতরাও আবেদন করতে পারবেন। এই এমবিএ কোর্সটি করতে পারেন কর্মরতরাও। তাঁদের ক্ষেত্রে দু' বছরের পেশাগত অভিজ্ঞতা থাকা প্রয়োজন।

ভর্তির প্রক্রিয়া: প্রার্থী বাছাই করা হয় ক্যাট বা জিম্যাট স্কোরের ভিত্তিতে এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। কলকাতা-সহ দেশের বিভিন্ন শহরে ইন্টারভিউ হবে মার্চ মাসে।

অনলাইন আবেদন করতে হবে। আবেদনের ফি ১,৬০০ টাকা (সংরক্ষিতদের ক্ষেত্রে ৮০০ টাকা)।

বিশদ জানতে দেখুন আইআইটি মাদ্রাজের এই ওয়েবসাইট: https://doms.iitm.ac.in/

রাজ্যে ব্যবসা-উদ্যোগীদের জন্য নিখরচায় প্রশিক্ষণ ভারত সরকারের প্রতিষ্ঠানে

নিজস্ব প্রতিনিধি: ব্যবসা-উদ্যোগীদের নিখরচায় ই-কমার্স, প্যাকেজিং টেকনোলজি ও জটিল পরিস্থিতি মোকাবিলা বা কনফ্লিক্ট ম্যানেজমেন্টের প্রশিক্ষণ দেবে ভারত সরকারের মাইক্রো, স্মল ও মিডিয়াম এন্টারপ্রাইজেস মন্ত্রকের প্রতিষ্ঠান এন্টারপ্রেনারশিপ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট অব ইন্ডিয়া (ইডিআইআই)। তিনটি কোর্সে প্রশিক্ষণ হবে। প্রতিটি কোর্সের মেয়াদ ১ সপ্তাহ। প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা, অন্তত স্নাতক।

কোর্স, প্রশিক্ষণ কেন্দ্র ও কোর্সের মেয়াদ— ১) অ্যাডভান্সড এন্টারপ্রেনারশিপ ও স্কিল ডেভেলপমেন্ট প্রোগ্রাম অন ই-কমার্স। এটি আবাসিক কোর্স। প্রশিক্ষণ আয়োজিত হবে বীরভূমের বোলপুরে। প্রশিক্ষণ চলবে ১৬ ফেব্রুয়ারি থেকে ২০ ফেব্রুয়ারি পর্যন্ত। ২) অ্যাডভান্সড এন্টারপ্রেনারশিপ ও স্কিল ডেভেলপমেন্ট প্রোগ্রাম অন প্যাকেজিং টেকনোলজি। প্রশিক্ষণ কেন্দ্র দার্জিলিংয়ের শিলিগুড়ি। প্রশিক্ষণ আয়োজিত হবে ২৫ ফেব্রুয়ারি থেকে ১ মার্চ পর্যন্ত। এটিও আবাসিক প্রশিক্ষণ। ৩) ম্যানেজমেন্ট ডেভেলপমেন্ট প্রোগ্রাম অন কনফ্লিক্ট ম্যানেজমেন্ট ও নেগোসিয়েশন: স্কিল ও স্ট্র্যাটেজি। এটি অনাবাসিক প্রশিক্ষণ। ৯ মার্চ থেকে ১৩ মার্চ পর্যন্ত প্রশিক্ষণ আয়োজিত হবে কলকাতায়।

যে-কোনও ক্ষেত্রের ব্যবসা-উদ্যোগীরা আবেদন করতে পারেন। উদ্যম রেজিস্ট্রেশন থাকতে হবে। আগে এলে আগে সুযোগের ভিত্তিতে ভর্তি নেওয়া হবে। আবেদনের লিঙ্ক: https://forms.gle/frXRPEdRDmqwgYDB8 ফোন: ৮৩৩৪০-৩৩৬৬৬, ৮৭৭৭৬-৩৮০৪১।

ই-মেল: subir@ediindia.org, narendra@ediindia.org ওয়েবসাইট: www.ediindia.org

বীরভূমে যোগা ইনস্ট্রাক্টর

যোগা ইনস্ট্রাক্টর পদে ৪৮ জনকে নেবে পশ্চিমবঙ্গ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি। চুক্তিতে নিয়োগ করা হবে বীরভূমের আয়ুষ সমিতির বিভিন্ন ক্লিনিকে। প্রার্থীকে অবশ্যই পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে এবং বাংলা জানতে হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 322/DMO/AYUSH/Birbhum.

শূন্যপদের বিন্যাস: পুরুষ ২১টি (সাধারণ ৬, সাধারণ-দৈহিক প্রতিবন্ধী ১, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ওবিসি-এ ৩, ওবিসি-বি ২, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। মহিলা ২৭টি (সাধারণ ৯, সাধারণ-দৈহিক প্রতিবন্ধী ১, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ওবিসি-এ ৩, ওবিসি-বি ২, আর্থিক ভাবে অনগ্রসর ৩)।

শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সেই সঙ্গে ওয়েস্ট বেঙ্গল কাউন্সিল অব যোগা অ্যান্ড নেচারোপ্যাথি কর্তৃক অনুমোদিত সংস্থা থেকে যোগায় সার্টিফিকেট বা ডিগ্রি বা ডিপ্লোমা।

বয়স: ২১ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে ১-১-২০২৬ তারিখে এবং মহিলা প্রার্থীদের ক্ষেত্রে ১-১-২০২৩ তারিখে নির্দিষ্ট বয়স হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

বেতন: পুরুষদের ক্ষেত্রে নির্দিষ্ট মাসিক ৮,০০০ টাকা (৩২টি সেশনের জন্য), মহিলাদের ক্ষেত্রে নির্দিষ্ট মাসিক ৫,০০০ টাকা (২০টি সেশনের জন্য)।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষা ক্ষেত্রে প্রাপ্ত নম্বর, ডেমনস্ট্রেশন (১০ নম্বর) ও ইন্টারভিউয়ের (১০ নম্বর) মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbhealth.gov.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের শেষ তারিখ ১২ ফেব্রুয়ারি। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৫ ফেব্রুয়ারি।

ফি বাবদ দিতে হবে ১০০ টাকা (সংরক্ষিত ক্যাটেগরির ক্ষেত্রে ৫০ টাকা)। অনলাইনে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে। ফি জমা দেওয়ার শেষ তারিখ ১২ ফেব্রুয়ারি।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

কী পড়বেন, কোথায় পড়বেন

বিজনেস ম্যানেজমেন্টের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স

বিজনেস ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে নাগপুরের ন্যাশনাল অ্যাকাডেমি অব ডিফেন্স প্রোডাকশন। কোর্সের মেয়াদ ২ বছর। প্রার্থী বাছাই করা হবে একটি প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ১০ মে। কোর্স শুরু হবে জুলাইয়ে।

শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশে (তফসিলি, ও বি সি, প্রতিবন্ধী ও আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ স্নাতক, সঙ্গে ক্যাট বা সি-ম্যাট বা ম্যাট বা এমএইচসিইটি পরীক্ষায় বৈধ স্কোর করে থাকতে হবে।

উপরোক্ত প্রবেশিকা পরীক্ষায় না অংশগ্রহণ করে থাকলেও আবেদন করা যাবে। সেক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত প্রবেশিকা পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে।

কোর্স ফি: বার্ষিক ১০ লাখ টাকা। এর মধ্যে ফেরতযোগ্য ২৫,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://nadp.ac.in আবেদনের শেষ তারিখ ৩১ মার্চ।

আবেদনের ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা (মহিলা ও তফসিলিদের ক্ষেত্রে ২৫০ টাকা)। তবে ৩১ জানুয়ারির মধ্যে আবেদন করলে আবেদনের ফি বাবদ দিতে হবে ৩০০ টাকা (মহিলা ও তফসিলিদের ক্ষেত্রে ১৫০ টাকা)।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

বিজনেস অ্যানালিটিক্সে স্নাতকোত্তর ডিপ্লোমা

বিজনেস অ্যানালিটিক্সের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে কলকাতার ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইনস্টিটিউট। কোর্সটি খড়্গপুর আই আই টি এবং আই আই এম ক্যালকাটার সঙ্গে যৌথ উদ্যোগে করানো হবে। কোর্সের মেয়াদ ২ বছর।

শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি পাশ। ল্যাটেরাল এন্ট্রির মাধ্যমে বি ই বা বি টেক অথবা বি এসসি ডিগ্রি অথবা সিএ বা সিএস বা আইসিডব্লুএ বা সিএমএ যোগ্যতাসম্পন্নরাও আবেদনের যোগ্য। সব ক্ষেত্রেই প্রার্থীকে মোট অন্তত ৬০ শতাংশে নম্বর বা ৬.৫ সিজিপিএ পেয়ে থাকতে হবে। তফসিলি ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশে নম্বর বা ৬.০ সিজিপিএ পেয়ে থাকতে হবে।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা ২৯ মার্চ। রাজ্যের পরীক্ষাকেন্দ্র কলকাতা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://https://kolisi.applyonline.net.in আবেদনের শেষ তারিখ ২৩ ফেব্রুয়ারি। আবেদনের সময় প্রার্থীর ফটো, সই, সচিত্র পরিচয় পত্র, কাস্ট, ও বি সি, আর্থিক ভাবে অনগ্রসর, প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট স্ক্যান করে আপলোড করতে হবে।

আবেদনের ফি বাবদ অনলাইনে দিতে হবে ২,৫০০ টাকা (তফসিলি ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১,২৫০ টাকা)। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউটগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

কলকাতা বিশ্ববিদ্যালয়ে এম বি এ কোর্স

মাস্টার অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন ও মাস্টার অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (হিউম্যান রিসোর্স) কোর্সে ভর্তি নিচ্ছে কলকাতা বিশ্ববিদ্যালয়ের বিজনেস ম্যানেজমেন্ট বিভাগ। কোর্সের মেয়াদ ২ বছর।

আবেদনের যোগ্যতা: ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি বা এম বি বি এস বা অন্যান্য পেশাদারি কোর্সে অনার্স-সহ স্নাতক বা স্নাতক পাশ। সেই সঙ্গে ৫০ শতাংশ নম্বর-সহ ক্যাট বা ম্যাট বা জিম্যাট বা এক্স ম্যাট বা সমতুল পরীক্ষায় পাশ।

উপরোক্ত প্রবেশিকা পরীক্ষায় প্রাপ্ত নম্বর, গ্রুপ ডিসকাশন ও পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। **কোর্স ফি:** হিউম্যান রিসোর্সের ক্ষেত্রে ১,২০,০০০ টাকা ও সাধারণ এম বি এ-এর ক্ষেত্রে ২১,৬৮৮ টাকা। আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.caluniv.ac.in আবেদনপত্র পূরণ করবেন যথাযথ ভাবে। আবেদনের ফি বাবদ দিতে হবে ১,৫০০ টাকা (তফসিলি এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৭৫০ টাকা)। ফি জমা দিতে হবে অনলাইনে এই ব্যাঙ্ক অ্যাকাউন্ট নম্বরে: 10444444211 (State Bank of India, Calcutta University Branch, IFSCode- SBIN0007766, Account name: University of Calcutta.)

প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল-সহ আবেদনপত্র যে-কোনও কাজের দিন সকাল ১১টা থেকে দুপুর ৩টের মধ্যে সরাসরি জমা দিতে হবে এই ঠিকানায়: Department of Business Management, University of Calcutta, Alipore Campus (6th Floor), 1, Reformatory Street, Kolkata- 700027. আবেদনের শেষ তারিখ ১৯ জুন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

স্কলারশিপের খোঁজখবর

টি এস ডি পি এল সিলভার জুবিলি স্কলারশিপ প্রোগ্রাম ২০২৫-২৬

আই টি আই, ডিপ্লোমা, এম বি বি এস ও বি ডি এস কোর্সে পাঠরত মেধাবী ও সামাজিক ভাবে অনগ্রসর ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে টাটা স্টিল ডাউনস্ট্রিম প্রোডাক্টস লিমিটেড (টিএসডিপিএল)। প্রার্থীকে কলকাতার কোনও শিক্ষা প্রতিষ্ঠান থেকে মাধ্যমিক বা উচ্চমাধ্যমিক পাশ করে থাকতে হবে।

আবেদনের যোগ্যতা: আই টি আই ও ডিপ্লোমা কোর্সের ক্ষেত্রে মাধ্যমিকে মোট অন্তত ৫০ শতাংশে অথবা এম বি বি এস ও বি ডি এস কোর্সের ক্ষেত্রে উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৬০ শতাংশে নম্বর পেয়ে থাকতে হবে। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৫ লাখ টাকার নীচে।

স্কলারশিপের পরিমাণ: আই টি আই ও ডিপ্লোমা কোর্সের ক্ষেত্রে বছর প্রতি ৫০,০০০ টাকা। এম বি বি এস ও বি ডি এস কোর্সের ক্ষেত্রে বছর প্রতি ১ লাখ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/MVMCSP2 আবেদনের শেষ তারিখ ৭ ফেব্রুয়ারি।

টিচ ফর ইন্ডিয়া ফেলোশিপ ২০২৬

সামাজিক ভাবে অনগ্রসর ছাত্রছাত্রীদের পড়াতে ইচ্ছুক শিক্ষক-শিক্ষিকাদের ফেলোশিপ দিচ্ছে টিচ ফর ইন্ডিয়া। ২০২৬-এর জুন বা জুলাইয়ে সেশনে স্নাতক উত্তীর্ণ হবেন এমন প্রার্থীরা আবেদন করতে পারেন।

ফেলোশিপের পরিমাণ: প্রতি মাসে ২৫,৩৪৪ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.buddy4study.com/scholarship/teach-for-india-fellowship আবেদনের শেষ তারিখ ৮ ফেব্রুয়ারি।

মিন্ত্রা কেয়ার্স স্কলারশিপ প্রোগ্রাম

বস্ত্র শিল্পের সঙ্গে জড়িত ও পূর্ণ সময়ের জন্য চাকরিরত কর্মীদের সন্তানদের স্কলারশিপ দিচ্ছে মিন্ত্রা। প্রার্থীর বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৫ লাখ টাকার নীচে। **আবেদনের যোগ্যতা:** স্নাতক কোর্সে পাঠরতরা আবেদন করতে পারেন। উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৬০ শতাংশে নম্বর পেয়ে থাকতে হবে।

স্কলারশিপের পরিমাণ: বছর প্রতি ২০,০০০ টাকা। স্কলারশিপের মেয়াদ তিন বছর। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/MVMCSP2 আবেদনের শেষ তারিখ ১৫ ফেব্রুয়ারি।

ন্যাশনাল ফেলোশিপ স্কিম ফর শিডিউলড কাস্ট স্টুডেন্টস ২০২৬

পূর্ণ সময়ের এম ফিল বা পি এইচ ডি কোর্সে পাঠরত তফসিলি জাতিভুক্ত ছাত্রছাত্রীদের ফেলোশিপ দিচ্ছে কেন্দ্রীয় সরকারের সামাজিক ন্যায় ও সশক্তিকরণ মন্ত্রক। প্রার্থীকে অবশ্যই নেট বা গেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

স্কলারশিপের পরিমাণ: প্রতি মাসে ৩৫,০০০ টাকা।

আবেদন করতে হবে অফলাইনে। তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইটটি: https://www.indiascienceandtechnology.gov.in আবেদনের শেষ তারিখ ২০ ডিসেম্বর।

(তথ্য সহায়তা: buddy4study)

কী শিখবেন, কোথায় শিখবেন

শূকর পালনে সরকারি প্রশিক্ষণ



নিজস্ব প্রতিনিধি: গরু, ছাগল ও ভেড়ার তুলনায় আমাদের দেশে শূকর প্রতিপালন কমই হয়। শূকরের মাংস ও চামড়ার চাহিদা আছে। এছাড়া শূকরের গর্ভকালীন সময় কম। শূকর প্রতিপালন বা পিগ ফার্মিংকে উপার্জনের মাধ্যম করলে অবশ্যই এই ব্যাপারে প্রশিক্ষণ থাকা জরুরি। সরকারি স্তরে শূকর প্রতিপালন বিষয়ে প্রশিক্ষণ দেয় পশ্চিমবঙ্গ প্রাণিসম্পদ উন্নয়ন বিভাগ।

এই বিভাগের তত্ত্বাবধানে নদিয়ার বড়জাগুলির অ্যাকাডেমি অফ অ্যানিম্যাল রিসোর্সেস ম্যানেজমেন্টে ফেব্রুয়ারিতে ছ' দিন ব্যাপী, বাণিজ্যিক ভাবে শূকর প্রতিপালনের প্রশিক্ষণ দেওয়া হবে। এটি আবাসিক প্রশিক্ষণ। আগ্রহীরা আবেদন করতে পারেন এখনই।

প্রশিক্ষণের নাম: বাণিজ্যিক শূকর প্রতিপালন ও ব্যবস্থাপনা

কী শেখানো হবে: শূকরের শারীরবিদ্যা, খামারি শূকর কেনার বিধিনিষেধ, শূকরীর জননচক্র, খামারের পরিকল্পনা, গ্রীষ্মকালীন ও শীতকালীন পরিচর্যা, বিভিন্ন বয়সের শূকরের পুষ্টিবিদ্যা, গর্ভকালীন ও সদ্যোজাত শূকরের যত্ন, রোগের প্রাথমিক শনাক্তকরণ ও চিরাচরিত চিকিৎসা পদ্ধতি, সাধারণ ভাবে ঘটা কিছু ব্যাধি, রোগ প্রতিরোধকারী টীকার তালিকা, খামারি বর্জ্য ব্যবস্থাপনা, অপ্রচলিত বিকল্প খাদ্য-উপাদান, জঙ্গলজাত খাদ্য-উপাদান, পশুখাদ্যের গুণমান বৃদ্ধি ইত্যাদি। থাকবে খামার পরিদর্শন এবং সফল খামারির সঙ্গে সাক্ষাতের সুযোগ।

প্রশিক্ষণের মেয়াদ: ১৬ থেকে ২১ ফেব্রুয়ারি। **যোগ্যতা:** অন্তত অষ্টম শ্রেণি পাশ। পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে। **বয়স:** ১৮ থেকে ৬০ বছর। **আসন সংখ্যা:** ৪০। **প্রশিক্ষণের খরচ:** ৩,০৪৬ টাকা। থাকা, খাওয়া ও প্রশিক্ষণের খরচ এর অন্তর্গত।

আবেদনের শেষ তারিখ: ৮ ফেব্রুয়ারি।

কী ভাবে আবেদন করবেন: আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://wbldc.in ওয়েবসাইটের AARM পেজে গিয়ে নির্দিষ্ট ফর্মটি পূরণ করতে হবে। নির্বাচিত প্রার্থীকে এসএমএস অথবা ই-মেল মারফত কোর্স ফি জমা করার লিঙ্ক পাঠানো হবে। নির্বাচিত প্রার্থীদের ফি জমা দিয়ে ভর্তি হওয়ার শেষ তারিখ ১০ ফেব্রুয়ারি।

বিস্তারিত জানতে ফোন করতে পারেন এই নম্বরে: +৯১ (৩৩) ২৫৮৯-২০০১ (সোম থেকে শুক্র, সকাল ১০টা থেকে বিকেল ৫টার মধ্যে)। প্রয়োজনে তথ্য জানতে ই-মেল করতে পারেন এই ই-মেল আইডিতে: aarmtraining@gmail.com

কচুরিপানা থেকে তৈরি টেবিল ল্যাম্প

প্রথম পাতার পর

কর্মসংস্থানের কাজও তারা চালিয়ে যাচ্ছে। বিভিন্ন প্রকল্পের মাধ্যমে মহিলাদের আর্থিক ভাবে সাবলম্বী হয়ে উঠতে সাহায্য করছে।

এই সংস্থার থেকে উৎপাদিত সামগ্রী কিনে স্বাধীন ভাবে ব্যবসাও করা যায়। এই সংস্থা কচুরিপানার আঁশ থেকে শাড়ি তৈরি করে, কচুরিপানার আঁশকে প্রক্রিয়াকরণ করে ও চামড়ার মতো টেঁকসই করে তৈরি করে ব্যাগ, ফাইল, পেনদানি। এ সংক্রান্ত প্রতিবেদন এর আগে 'কর্মক্ষেত্র'-য় প্রকাশিত হয়েছে। এই রাজ্যে ২০০ থেকে ৩০০ জন মহিলাকে হস্তশিল্প সামগ্রী তৈরির কাজে সামিল করেছে স্বচ্ছতা পুকার। পশ্চিমবঙ্গ সরকারের জলপাইগুড়ি উৎকর্ষ বাংলা ফিল ডেভেলপমেন্টের সঙ্গে যৌথ উদ্যোগে বড়দিঘি চা-বাগানের ৩০ জন মহিলাকে এবং এনটিপিসি-র উদ্যোগে ছত্তিশগড়ের গ্রামের মেয়েদের প্রশিক্ষণ দিয়েছে সংস্থাটি।

নতুন প্রকল্প

এবার স্বচ্ছতা পুকারের উদ্যোগে ফেলে দেওয়া ফুল, রাস্তার পাশে গজিয়ে ওঠা আগাছা ও তার সঙ্গে কচুরিপানার আঁশ মিশিয়ে তৈরি হচ্ছে নানা ধরনের অতি আধুনিক টেবিল ল্যাম্প। এর পাশাপাশি কচুরিপানার আঁশ থেকে তৈরি পাতের উপর ডোকরা ও কাচের কাজ করে তা কাঠের ফ্রেমে বাঁধিয়ে শো-পিস তৈরি করা হচ্ছে। এই সব কাজ করছেন উত্তর চব্বিশ পরগনার হালিশহর সংলগ্ন শিবদাসপুর গ্রাম পঞ্চায়েত এলাকার ৫০ জন মহিলা। সংস্থার তরফে এঁদের প্রত্যেককে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। তা ছাড়া, স্বচ্ছতা পুকারের সঙ্গে যুক্ত হয়ে কচুরিপানার আঁশ থেকে তৈরি বিভিন্ন জিনিস তৈরি করছেন নদিয়া জেলার কল্যাণী ব্লকের অন্তর্গত চাদুরিয়া গ্রাম পঞ্চায়েতের ৩০ জন মহিলা ও দেগঙ্গা ব্লকের অন্তর্গত কামদেবকাটি গ্রামের আরও ৫০ জন মহিলা।

অনেকেই শেখার জন্য যোগাযোগ করছেন

কৌশিক মণ্ডল, *ম্যানেজার, স্বচ্ছতা পুকার ফাউন্ডেশন*

কচুরিপানার আঁশকে প্রোসেসিং করে শাড়ি তৈরি দিয়ে আমরা শুরু করেছিলাম। তারপরে বিভিন্ন হস্তশিল্প এবং নিত্য ব্যবহারের জিনিস তৈরি করা হয়েছে। গোটা কাজটাই করছেন মহিলারা। এবার ফেলে দেওয়া ফুল, আগাছার সঙ্গে কচুরিপানার আঁশকে মিশিয়ে তৈরি করা হচ্ছে আধুনিক ফুলদানি এবং শো পিস। ফিনিশিংয়ের উপর আমরা বিশেষ জোর দিচ্ছি। আমাদের তৈরি জিনিসপত্র ভারতের বিভিন্ন শহরে ও বিদেশেও রপ্তানি হচ্ছে। এ ছাড়া ত্রিপুরা, ছত্তিশগড়, ঝাড়খণ্ড ইত্যাদি রাজ্য থেকে এসে এই সব কাজ শিখে যাচ্ছেন সেখানকার ছেলেমেয়েরা। এই বছর আমাদের শেখানো কাজ ত্রিপুরাতে সরকারি সম্মান পেয়েছে। আমাদের কাজ ও প্রশিক্ষণ প্রশংশিত হয়েছে। স্বচ্ছতা পুকার শুধু মহিলাদের ট্রেনিং দেয় না, তাঁদের কাজের সঙ্গে যুক্ত করে নেয়। দেশের বিভিন্ন প্রান্ত থেকে আমরা যখন জিনিস তৈরির বরাত পাই, তখন এই ট্রেনিংপ্রাপ্ত মহিলাদের দিয়েই সে কাজগুলি করানো হয়। এতে তাঁদের উপার্জনও হয়। 'কর্মক্ষেত্র'-য় এর আগে কচুরিপানা থেকে তৈরি শাড়ি ও বিভিন্ন হস্তশিল্প তৈরি নিয়ে প্রতিবেদন প্রকাশের পর আমাদের সংস্থার সঙ্গে অনেকেই যোগাযোগ করেছেন। তাদের মধ্যে ইনোভেটিভ আর্টিসন্স ওয়েলফেয়ার ট্রাস্ট এবং ইন্ডিয়ান হ্যান্ডিক্রাফট, এই দু'টি সংস্থা উল্লেখযোগ্য। সংস্থাদু'টি এখন আমাদের মার্কেটিংয়ের কাজ করে। ফলে আমাদের তৈরি পরিবেশবান্ধব দ্রব্যগুলি সম্পর্কে অনেকে জানতে পারছেন। এ ছাড়া 'কর্মক্ষেত্র' পড়ে চাঁদপাড়া শিডিউলড কাস্ট ট্রাইবাল ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের সদস্যরাও আমাদের সঙ্গে যোগাযোগ করেছিলেন। তাঁদের উদ্যোগে সেখানকার বেশ কিছু মহিলাকে কচুরিপানার আঁশ থেকে হস্তশিল্পের কাজ শেখানো হয়। এখন তাঁরা কাজ করছেন, উপার্জন করছেন।

এ রাজ্যের যে-কোনও জেলার বা ভিন রাজ্যের মহিলারা স্বনির্ভর গোষ্ঠীর তৈরি করে, হস্তশিল্পসামগ্রী তৈরির প্রশিক্ষণ নেওয়ার জন্য স্বচ্ছতা পুকারের সঙ্গে যোগাযোগ করতে পারেন। গ্রুপ গঠন করে না এলে আমাদের পক্ষে শেখানো মুশকিল হয়ে পড়ে। সিএসআর প্রকল্পে তেগা ইন্ডাস্ট্রি, এনটিপিসি লিমিটেড, টাটা স্টিল, টাটা মোটরস, ত্রিপুরা সরকার, নাবার্ড আমাদের সঙ্গে কাজ করছে।

কাজের সুযোগ

প্রশিক্ষণ নিয়ে স্বচ্ছতা পুকারের কাজের সঙ্গে প্রত্যক্ষ ভাবে যুক্ত হওয়া যায়। এ ছাড়াও এদের তৈরি নানা ধরনের পরিবেশবান্ধব সামগ্রী কিনে স্বাধীন ভাবে ব্যবসা করতে পারেন। এদের থেকে নিয়মিত এ সব সামগ্রী কিনছে গোল্ডেন ফেদার, ইনারহুইল দিল্লি, ইনার প্রাইভেট লিমিটেড, গ্রামীণ ফাউন্ডেশন, এন্যাকটাস দিল্লি, টাটা ইঞ্জিনিয়ারস লিমিটেড, টাটা কমিউনিকেশন, ইনোভেশন ক্র্যাফট অ্যান্ড ইনস্টিটিউট কলকাতা, ফ্যাশন টেকনোলজি কলেজ কানপুর, ডিকে এন্টারপ্রাইজ, আইএএস ট্রেনিং সেন্টার মুসৌরি, দেরাদুন।

যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৬২৯০০-৭৪১৩৪ (কৌশিক মণ্ডল), ৭২৭৮৭-৮৬৯৯৯ (শনিতকুমার মণ্ডল, প্রোজেক্ট ম্যানেজার, প্যান ইন্ডিয়া), ৯৬৯১৮-১২১৩৩ (ভি কুরি, ছত্তিশগড়, প্রোজেক্ট কো-অর্ডিনেটর)। ফোন করার সময় সকাল ১০টা থেকে সন্ধে ৬টা।

কারেন্ট অ্যাফেয়ার্স

৩০ ডিসেম্বর-৩ জানুয়ারি

৩০ ডিসেম্বর রুশ, প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের বাসভবনে হামলার চেষ্টা চালানো হয়েছে বলে দাবি করল ক্রেমলিন। এই ঘটনার পরই রুশ-ইউক্রেন চুক্তির ভবিষ্যৎ নিয়ে প্রশ্ন উঠল। প্রসঙ্গত, রুশ বিদেশমন্ত্রী সের্গেই লাভরভ একটি বিবৃতি দিয়ে দাবি করেন, মস্কোর পশ্চিমে নভগরদ এলাকায় রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের বাড়ি লক্ষ্য করে অন্তত ৯১টি দূরপাল্লার ড্রোন ছুড়েছে ইউক্রেনীয় বাহিনী। যার সবকটিকেই গুলি করে নামানো হয়েছে বলে দাবি করেছেন তিনি। এই ঘটনার কথায় ক্ষোভ প্রকাশ করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। পাশাপাশি উদ্বেগ প্রকাশ করেছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীও।

ভারতের রাজধানী সংলগ্ন আকাশ রক্ষায় দেশীয় প্রযুক্তির উপর ভরসা রাখার সিদ্ধান্ত নিল কেন্দ্র সরকার। জানা গিয়েছে আমেরিকা থেকে আমদানি করা কোনও ব্যবস্থা নয়, দিল্লি ও রাজধানী সংলগ্ন এলাকার জনগণকে আকাশ পথে শত্রুর হামলা থেকে বাঁচাবে দেশীয় সুরক্ষা ব্যবস্থা, যার নাম ইন্টিগ্রেটেড ওয়ার ডিফেন্স ওয়েপন সিস্টেম (আইএডিডব্লিউএস)। মূলত খরচ কমাতে ও আত্মনির্ভর ভারত গড়ার লক্ষ্যেই দিল্লির আকাশের সুরক্ষা নিশ্চিত করার দায়িত্ব দেওয়া হয়েছে ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (ডিআরডিও)-কে।

৩১ ডিসেম্বর পশ্চিমবঙ্গের নতুন মুখ্যসচিব হলেন ১৯৯৪ ব্যাচের আইএএস অফিসার নন্দিনী চক্রবর্তী। রাজ্যে এই প্রথম কোনও মহিলা আধিকারিককে মুখ্যসচিব পদের দায়িত্ব দেওয়া হল। খবরে প্রকাশ অন্তত আটজন সিনিয়র অফিসারকে টপকে তাঁকে এই পদে বসাল রাজ্য সরকার। সদ্যপ্রাক্তন মুখ্যসচিব মনোজ পন্থকে দেওয়া হয়েছে মুখ্যমন্ত্রীর প্রধান সচিবের (মুখ্যসচিবের পদমর্যাদায়) পদ। স্বরাষ্ট্র সচিব হয়েছেন ২০০৪ ব্যাচের জগদীশ প্রসাদ মীনা।

জানুয়ারি-মার্চ ত্রৈমাসিকেও স্বল্প সঞ্চয়ে সুদের হার অপরিবর্তিত রাখল অর্থমন্ত্রক। সম্প্রতি রিজার্ভ ব্যাঙ্ক সুদ কমানোর পরে ব্যাঙ্কগুলিতে স্থায়ী আমানত-সহ প্রায় সব ক্ষেত্রে সুদ কমেছে। স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রেও সুদ কমতে পারে বলে আশঙ্কা বাড়ছিল। রাজনৈতিক বিশেষজ্ঞদের একাংশের বক্তব্য বিভিন্ন রাজ্যের আসন্ন বিধানসভা ভোটের দিকে তাকিয়েই সুদ কমানোর রাস্তায় হাঁটল না কেন্দ্র।

২ জানুয়ারি আফ্রিকা কাপ অব নেশনসে হারের হ্যাটট্রিক করায় দেশের গোটা ফুটবল দলটাকেই নির্বাসিত করল গ্যাবন সরকার। বরখাস্ত কোচ থিয়েরি মৌউয়োমা, অধিনায়ক পিয়ের-এমেরিক আবুমেয়ং এবং ডিফেন্ডার একুয়েলে মাঙ্গা। চলতি আফ্রিকা কাপ অব নেশনসে গ্রুপ পর্বের প্রথম দুই ম্যাচে ক্যামেরুন এবং মোজাম্বিকের কাছে পরপর হারে শেষ ষোলর দৌড় থেকে ছিটকে যায় গ্যাবন। এরপর তৃতীয় ম্যাচে আইভরি কোস্টের বিরুদ্ধেও হয় শোচনীয় পরাজয়। গ্যাবনের ক্রীড়ামন্ত্রী বলেছেন, 'জঘন্য খেলার পরে সরকার কোচিং স্টাফ, অধিনায়ক আবুমেয়ং এবং মাঙ্গাকে বরখাস্ত করার সিদ্ধান্ত নিয়েছে। অনির্দিষ্টকালের জন্য দেশের ফুটবল দলকে নির্বাসিত করা হচ্ছে।' ঘটনা হচ্ছে শেষ ম্যাচে আবুমেয়ং এবং মাঙ্গা মাঠেই নামেননি। মার্সেইয়ের হয়ে খেলার জন্য ফ্রান্স চলে যান। তাতেই নেমে আসে শাস্তির খাঁড়া।

খোলা চিঠি লিখে পাকিস্তানের বিরুদ্ধে লড়াইয়ে ভারতকে পাশে থাকার আবেদন জানালেন বালোচ লিবারেশন আর্মির নেতা মির ইয়ার বালোচ। ভারতকে আগাম সতর্ক করে তিনি জানিয়েছেন চিন ও পাকিস্তানের ঘনিষ্ঠতা ক্রমেই আরও গভীর হচ্ছে যা গোটা অঞ্চলের জন্য বিপজ্জনক। তাঁর আশঙ্কা, বিষয়টি শুধু বালুচিস্তানের জন্য নয়, ভারতের ভবিষ্যতের জন্যও চিন্তার হয়ে উঠতে পারে। বালুচিস্তানে আগামী দিনে চিনা সেনা মোতায়েন করা হতে পারে বলে আশঙ্কা প্রকাশ করেছেন তিনি। ভারতের বিদেশমন্ত্রী এস জয়শঙ্করকে লেখা খোলা চিঠিটি এক্স হ্যান্ডলে পোস্ট করেছেন মির।

৩ জানুয়ারি তৃণমূলের সংসর্গ ছেড়ে ফের কংগ্রেসে ফিরে এলেন মৌসম বেনজির নূর। সাত বছর আগে ২০১৯-এর লোকসভা নির্বাচনের প্রাক্কালে মৌসম নূর দাবি তুলেছিলেন কংগ্রেস নির্বাচনে তৃণমূলের সঙ্গে সমঝোতা করুক। তা না হওয়ায় তিনি কংগ্রেস ছেড়ে তৃণমূলে যোগ দেন। গত সাত বছর তিনি তৃণমূলের মালদহ জেলা সভানেত্রীর পদে ছিলেন। তৃণমূলের হয়ে রাজ্যসভাতেও গিয়েছেন। সেখানকার মেয়াদ শেষের তিন মাস আগে ফিরে গেলেন পুরনো দলে।

ইরানের উপর সামরিক পদক্ষেপ করার ট্রাম্পের হুঁশিয়ারিকে 'অবৈধ এবং বেপরোয়া হুমকি' বলে উল্লেখ করে রাষ্ট্রপুঞ্জকে কড়া ব্যবস্থা নেওয়ার আহ্বান জানাল ইরান। রাষ্ট্রপুঞ্জের মহাসচিব আন্তোনিয়ো গুতেরেস এবং নিরাপত্তা পরিষদের সভাপতিকে এই বিষয়ে চিঠি দিয়েছেন রাষ্ট্রপুঞ্জে নিযুক্ত ইরানের রাষ্ট্রদূত আমির সইদ ইরাভানি। তবে ট্রাম্পের এমন সিদ্ধান্তে খুশি হয়ে ধন্যবাদ জানিয়েছেন ইরানের ক্ষমতাচ্যুত প্রাক্তন শাসক রেজা পাহলভি। এক্স হ্যান্ডলে তিনি মার্কিন প্রেসিডেন্টকে ধন্যবাদ দিয়ে বলেছেন এই ইসলামিক রাষ্ট্রের অপরাধী নেতাদের আপনি যে হুঁশিয়ারি দিয়েছেন, তা আমাদের শক্তি ও আশা জুগিয়েছে। অবশেষে আমেরিকার কোনও প্রেসিডেন্ট আমাদের পাশে দাঁড়ালেন।'

ভেনেজুয়েলায় মার্কিন হানা, বন্দি প্রেসিডেন্ট

৩ জানুয়ারি: রাতের অন্ধকারে ভেনেজুয়েলার রাজধানী কারাকাসে ধারাবাহিক বিমান হামলা চালিয়ে সেদেশের প্রেসিডেন্ট নিকোলাস মাদুরো মোরোস এবং তাঁর স্ত্রী সিলিয়া ফ্লোরেসকে বন্দি করল আমেরিকা। সমাজমাধ্যমে একথা নিজেই ঘোষণা করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এর আগে তিনি অবশ্য বিশ্ব জুড়ে ভারত-পাকিস্তান-সহ বেশ কয়েকটি যুদ্ধ থামানোর দাবি করে গিয়েছেন। দাবি করেছিলেন শান্তির নোবেলও। এই অভিযানের পর মার্কিন বিদেশ সচিব মার্কো রুবিয়ো জানিয়েছেন, মার্কিন আদালতে বিচার হবে মাদুরোর। সাংবাদিকদের মুখোমুখি হয়ে ট্রাম্প জানিয়েছেন, ভেনেজুয়েলার শাসনভার নিজেদের হাতে তুলে নিচ্ছেন তাঁরা। অন্যদিকে, বিশেষজ্ঞরা মনে করছেন কোনও দেশের বর্তমান প্রেসিডেন্টকে তাঁরই বাসভবন থেকে মাঝ রাতে অপহরণ করে বন্দি করার নজির বিশ্বে আর কারও নেই।

"কোনও একটি শক্তির মাধ্যমে বৈশ্বিক সমস্যার সমাধান হবে না। আমরা দেখতে পাচ্ছি বিশ্বে দু'টি মেরু রয়েছে। একটি আমেরিকার দিকে ঝুঁকে, অন্যটি চিনকেন্দ্রিক। আমরা যদি একটি স্থিতিশীল বিশ্ব চাই, তা এমন বিশ্ব যেখানে শান্তি বিরাজ করবে— তবে অবশ্যই আমাদের বহুমেরুত্বকে সমর্থন করতে হবে।"

আন্তোনিয়ো গুতেরেস, *রাষ্ট্রপুঞ্জের মহাসচিব*

নিজের কার্যকালের শেষ বছরের কার্যক্রম শুরুর মুখে সাংবাদিক বৈঠকে আমেরিকা এবং চিন নিয়ে নিজের আশঙ্কার কথা প্রকাশ করে

প্রয়াত খালেদা জিয়া

৩০ ডিসেম্বর: বাংলাদেশের প্রথম মহিলা প্রধানমন্ত্রী তথা বিএনপি নেত্রী বেগম খালেদা জিয়া (৮১) প্রয়াত হলেন। বাংলাদেশের আসন নির্বাচনের জন্য একদিন আগেই মনোনয়নপত্র জমা পড়েছিল তাঁর নামে। গুরুতর অসুস্থ অবস্থায় হাসপাতালে ভর্তি থাকলেও মনোনয়নপত্রে আঙুলের ছাপ দিয়ে তিনটি আসনে বিএনপি-র প্রার্থী হয়েছিলেন। এর চব্বিশ ঘণ্টা কাটতে না কাটতেই ঢাকার এক হাসপাতালে প্রয়াত হলেন তিনি। তাঁর স্বামী বাংলাদেশের প্রাক্তন রাষ্ট্রপতি জিয়াউর রহমানের মৃত্যুর পর দলের হাল ধরেন খালেদা। মুসলিমপ্রধান বাংলাদেশে তিন বার প্রধানমন্ত্রী হয়েছেন তিনি। বাংলাদেশ ন্যাশনালিস্ট পার্টি (বিএনপি)-কে জনপ্রিয়তার শিখরে তুলতেও সফল হয়েছেন।

মুস্তাফিজুর রহমানকে বাদ দিল কলকাতা নাইট রাইডার্স

৩ জানুয়ারি: ভারতীয় ক্রিকেট বোর্ডের তরফে দেওয়া নির্দেশের পরিপ্রেক্ষিতে বাংলাদেশের ক্রিকেটার মুস্তাফিজুর রহমানকে বাদ দিল কলকাতা নাইট রাইডার্স। নাইটের তরফে জানানো হয়েছে নির্দেশ পাওয়ার পর সবরকম প্রক্রিয়া মেনেই মুস্তাফিজুরকে দল থেকে ছেড়ে দেওয়া হয়েছে। কয়েকদিন আগেই উগ্র হিন্দুত্ববাদীদের তরফে কলকাতা নাইট রাইডার্সের মালিক শাহরুখ খানকে হুমকি দেওয়ার অভিযোগ উঠেছিল। কোনও কোনও মহল থেকে অনুমান করা হয়েছে, বাংলাদেশে যে হিংসাত্মক ঘটনা ঘটে চলেছে তার জেরেই এই কঠিন সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

নিউইয়র্কের মেয়র পদে শপথ মামদানির

১ জানুয়ারি: নিউইয়র্কের নতুন মেয়র পদে শপথ নিলেন জোহরান মামদানি। আমেরিকার সব থেকে বড় শহরের প্রথম মুসলিম মেয়র তিনি। সেইসঙ্গে প্রথম ভারতীয় বংশোদ্ভূত এবং আফ্রিকায় জন্ম নেওয়া কোনও ব্যক্তি এই প্রথম মেয়র হলেন এই শহরের। নতুন বছর পড়ার লগ্নে ঠিক রাত ১২টার সময়ে কোরানে হাত রেখে প্রতীকি শপথ নেন মামদানি। নিউইয়র্কের একটি পরিত্যক্ত সাবওয়ে স্টেশনে তাঁকে শপথবাক্য পাঠ করান নিউইয়র্কের অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস। পরে অবশ্য শহরের প্রধান প্রশাসনিক ভবন সিটি হলে আনুষ্ঠানিক শপথ নেন মামদানি। সেখানে তাঁকে শপথবাক্য পাঠ করান তাঁর অন্যতম রাজনৈতিক সমর্থক সেনেটর বার্নি স্যান্ডার্স।

ফের বিক্ষোভে উত্তাল ইরান, মৃত বহু

২ জানুয়ারি: দেশের ধর্মীয় শাসনব্যবস্থার বিরুদ্ধে প্রতিবাদ-আন্দোলনে উত্তপ্ত হয়ে উঠল ইরান। সাধারণ মানুষের উপরে ইরানের সরকার বলপ্রয়োগ করলে তার ফল ভালো হবে না বলে সমাজমাধ্যমে হুঁশিয়ারি দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। অপরদিকে দেশের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ করলে তারাও চুপ করে বসে থাকবে না বলে ট্রাম্পকে পাল্টা হুমকি দিয়েছে তেহরানও। প্রসঙ্গত, ২০২২ সালে পুলিশি হেফাজতে মাহসা আমিনি নামে তরুণীর মৃত্যুর পরে হিজাব-বিরোধী বিক্ষোভে উত্তাল হয়েছিল ইরান। দফায় দফায় সংঘর্ষে মৃত্যু হয়েছিল পাঁচশোরও বেশি মানুষের। এবারে খামেনেই শাসনের বিরুদ্ধে মূল্যবৃদ্ধি, বেকারত্ব, পানীয় জলের সঙ্কট নিয়ে ক্ষোভের বহিঃপ্রকাশ দেখা দিয়েছে। জানুয়ারির দ্বিতীয়ার্ধ পর্যন্ত সেখানে পাঁচ হাজারেরও বেশি মানুষের মৃত্যু হয়েছে বলে খবরে প্রকাশ।

সুইস রিসর্টে বিধ্বংসী অগ্নিকাণ্ডে মৃত ৪০



১ জানুয়ারি: সুইৎজারল্যান্ডে বর্ষশেষের রাতে সুইস আল্পসের একটি বিলাস বহুল স্কি রিসর্টের পানশালায় আগুন লেগে ৪০ জনের মৃত্যু হল। স্থানীয় বাসিন্দাদের সঙ্গে সেখানে ছিলেন দেশ-বিদেশের পর্যটকেরাও। সুইৎজারল্যান্ডের প্রশাসন জানিয়েছে মৃতের সংখ্যা আরও বাড়ার আশঙ্কা রয়েছে। সেই সঙ্গে জখম অন্তত ১৫০ জন। প্রাথমিকভাবে জানা গিয়েছে বিস্ফোরণের সঙ্গে সন্ত্রাসের কোনও যোগাযোগ নেই। হোটেলের বেসমেন্টে আগুন লেগে দুর্ঘটনাবশত তা পানশালায় ছড়িয়ে পড়ে।

জলে-জমিতে কর্মক্ষেত্র

ভুট্টা চাষের ক্ষতিকারক শত্রু ফল আর্মিওয়ার্মের নিয়ন্ত্রণ

পশ্চিমবঙ্গের অন্যতম প্রধান বাণিজ্য-ফসল ভুট্টা। কিন্তু সতর্ক না থাকলে বিবিধ রোগ আর পোকার আক্রমণ ভুট্টা চাষের প্রভূত ক্ষতি করতে পারে। ভুট্টার সবচেয়ে ক্ষতিকর পোকা ফল আর্মিওয়ার্ম। কী করে এই পোকার আক্রমণের হাত থেকে ফসলকে বাঁচাবেন, তারই উপায় বলে দিচ্ছেন পশ্চিমবঙ্গ সরকারের অবসরপ্রাপ্ত যুগ্ম কৃষিঅধিকর্তা সৌমেন্দ্রনাথ দাস।

পশ্চিমবঙ্গের অন্যতম গুরুত্বপূর্ণ দানাশস্য ভুট্টা। ধান ও গমের পরই এর স্থান। লাভজনক হওয়ায় এই দানাশস্যের চাষ রাজ্যে দ্রুত হারে বাড়ছে। কাঁচা এবং শুকনো দানা হিসাবে ভুট্টার বেশ চাহিদা রয়েছে বাজারে। এছাড়াও পশুখাদ্য হিসেবেও এর গাছ ব্যবহার করা যায়। বর্তমানে পোলট্রি ও মাছের খাবার তৈরি করার জন্য ভুট্টার দানার ব্যবহার দ্রুত হারে বাড়ছে। ভুট্টাভিত্তিক বিভিন্ন কৃষিজাত দ্রব্য এই রাজ্যে উৎপাদিত হচ্ছে। দেশের রপ্তানি বাণিজ্য বৃদ্ধির ক্ষেত্রে এগুলির অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। পশ্চিমবঙ্গের উৎপাদিত ভুট্টা এবং বিহার থেকে আমদানি করা ভুট্টার উপর নির্ভর করে, উত্তরবঙ্গের মালদা জেলার পুরাতন মালদা ব্লকে দু'টি স্বয়ংসম্পূর্ণ ভুট্টানির্ভর শিল্পোদ্যোগ গড়ে উঠেছে। ভুট্টা মূলত খরিফ, রবি ও গ্রীষ্মের মরসুমে চাষ করা হয়। সর্বাধিক ভুট্টা চাষের এলাকা রয়েছে উত্তর দিনাজপুর জেলায়। এছাড়াও এই রাজ্যের জলপাইগুড়ি, কোচবিহার, মালদা, নদিয়া, মুর্শিদাবাদ এবং পুরুলিয়া জেলায় ভুট্টার চাষ হয়। বর্তমানে পশ্চিমবঙ্গে প্রায় ২ লক্ষ ৮০ হাজার হেক্টর জমিতে এই ফসলের চাষ হচ্ছে।

ভুট্টা চাষের জন্য বীজের সঙ্গে সঙ্গে যথেষ্ট পরিমাণ সার প্রয়োগ করতে হয়। অতীতে ভুট্টা চাষে সেরকম কোনও মারাত্মক ক্ষতিকারক রোগ ও পোকার সমস্যা দেখা যেত না। তবে, ইদানীং এই ফসলে রোগ ও পোকার আক্রমণ চাষিদের বিপাকে ফেলছে। রোগ ও পোকার আক্রমণে ভুট্টা চাষে ১৫ শতাংশ পর্যন্ত আর্থিক ক্ষতি হতে পারে। ইদানীং ভুট্টার জমিতে ফল আর্মিওয়ার্ম নামক এক বহিরাগত পোকার উপস্থিতির জন্য চাষের ক্ষতি বেশি হচ্ছে। ২০১৮ সালে প্রবল ক্ষতিকারক এই পোকাটির আমেরিকা থেকে ভারতে আগমন ঘটে। আমাদের রাজ্যে এই পোকাটি বর্তমানে ভুট্টা চাষে মারাত্মক ক্ষতির কারণ হয়ে দাঁড়িয়েছে।

ফল আর্মিওয়ার্ম ভুট্টাগাছের পাতা ও কচি বাড়ন্ত কাণ্ডের ডগা খেয়ে ফসলের ক্ষতি করে। মূলত এই পোকার লার্ভা বা ক্রীরাগুলি হল ক্ষতির কারণ। লার্ভার মাথার ঠিক উপরে উলটো ইংরেজি 'ওয়াই' চিহ্ন এবং পিছনের দিকে চারটি কালো রঙের টিপ বর্গাকারে সজ্জিত থাকলে বুঝতে হবে এটি ফল আর্মিওয়ার্ম। সাধারণত গাছের উপরের দিকে থাকা পাতাগুলিতে এদের আক্রমণ দেখতে পাওয়া যায়। পাতাগুলির যে-অংশ কাণ্ডের সঙ্গে লেগে থাকে, ঠিক সেই গর্তের মধ্যেই পোকা দেখতে পাওয়া যায়।

ভুট্টা চাষের খেতে, গাছের পাতার উপর বিভিন্ন আকারের অসংখ্য ছিদ্র চোখে পড়লেই বুঝতে হবে এই পোকার আক্রমণ শুরু হয়ে গেছে। এছাড়াও পাতার উপরিভাগে পোকার মলও দেখতে পাওয়া যায়। পোকার লার্ভাগুলি ভুট্টা গাছের কচিপাতা ও ট্যাসেল খাবার হিসেবে পছন্দ করে।

ফল আর্মিওয়ার্ম পোকাটি ভুট্টা খেতে এসেছে কিনা বোঝার জন্য, ফেরোমোন ফাঁদ জমিতে একর প্রতি চার-পাঁচটি করে বিভিন্ন জায়গায় স্থাপন করতে হবে। এই ফাঁদে পুরুষ মথ ধরা পড়লেই নিশ্চিত হওয়া যাবে যে, ভুট্টার জমিতে এই পোকার আগমন ঘটেছে।

এছাড়াও নিয়মিত জমি পরিদর্শন করা উচিত। জমি পরিদর্শনে যদি দেখা যায়, চারা বের হওয়ার ৩-৪ সপ্তাহের মধ্যে ১-৫টি গাছ ক্ষতিগ্রস্ত, তাহলেই পোকা নিয়ন্ত্রণের জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়াও চারাগাছ বের হওয়ার ৫-৭ সপ্তাহ পর্যন্ত যদি ৬-১০টি গাছ ক্ষতিগ্রস্ত হয়, তাহলেই উপযুক্ত ব্যবস্থা গ্রহণের সময় হয়ে গেছে, বুঝতে হবে।

ভুট্টা গাছকে ফল আর্মিওয়ার্মের ক্ষতির হাত থেকে বাঁচাতে হলে নিম্নলিখিত শস্যসুরক্ষা জনিত ব্যবস্থাগুলি চাষিদের গ্রহণ করতে হবে।

➤ ভুট্টার বীজ বপনের আগে জমির মাটি গভীর ভাবে চাষ দিয়ে রোদে ১০-১৫ দিন ফেলে রাখতে হবে। এর ফলে মাটির মধ্যে লুকিয়ে থাকা এই পোকার পিউপাগুলি বন্ধুপোকা এবং পাখিরা খেয়ে ফেলবে।

➤ চাষের জমিতে গাছের বয়স ৩০-৪৫ দিন হওয়া পর্যন্ত পাখি বসার ব্যবস্থা রাখতে হবে।

➤ জমির মধ্যে ঘুরে ঘুরে হাত দিয়ে এই পোকার ডিমের গাদা এবং লার্ভাগুলি তুলে নষ্ট করে ফেলতে হবে।

➤ পরিণত লার্ভাগুলিকে মেরে ফেলার জন্য বিষটোপ ব্যবহার করতে হবে। প্রতি হেক্টর জমির জন্য, ১০ কেজি চালের কুঁড়ো ও ২ কেজি ঝোলাগুড়ের সঙ্গে ২-৩ লিটার জল মিশিয়ে এটি ২৪ ঘণ্টা পর্যন্ত রেখে দিতে হবে। তারপরে এই বিষটোপ মাঠে প্রয়োগের ঠিক ৩০ মিনিট আগে ওই মিশ্রণের সঙ্গে ১০০ গ্রাম থায়োডিকার্ব (৭৫ ডব্লু পি) মেশাতে হবে এবং গাছের পাতা ও কাণ্ডের সঙ্গে লেগে থাকা গর্তের মধ্যে প্রয়োগ করতে হবে।

➤ ভুট্টা চাষের জমির চারপাশে নেপিয়ার ঘাস ফাঁদ-ফসল হিসেবে লাগালে এই পোকার আক্রমণ কম হবে।

➤ ভুট্টা খেতে বন্ধুপোকা হিসেবে লেডিবার্ডবিটল, লেসউইংবাগ এবং পাইরেট বাগ সংরক্ষণ করলে এই পোকার উপদ্রব অনেকাংশে কমানো যাবে।

➤ প্রতি কেজি ভুট্টাবীজের সঙ্গে ১০-২০ মিলি ও ৪ মিলি সায়ান ট্রানিলিপ্রোল (১৯.৮%) ও থায়োমিথোক্সাম (১৯.৮%) এফএস ভালো করে মিশিয়ে বীজ শোধন করতে হবে। এর ফলে ভুট্টার গাছ, বীজ বোনার পর ৩ সপ্তাহ পর্যন্ত সুরক্ষিত থাকবে।

➤ চারা অবস্থায় গাছে ৫ নিমবীজের নিষ্কাশন স্প্রে করলেও সুফল পাওয়া যাবে।

➤ ক্ষতির মাত্রা বেশি হলেই স্পিনেটোরাম ১১.৭% এস সি প্রতি লিটার জলে ১ মিলি হিসেবে মিশিয়ে আক্রান্ত গাছে স্প্রে করতে হবে। কীটনাশক স্প্রে করার ৩-৪ সপ্তাহ পরে ফসল কাটা উচিত।

Applications are invited for (i) Lady graduate teachers with D El Ed for Bengali, Science and Humanities for a reputed Primary School in Baranagar area and (ii) A male Office Assistant with knowledge of computer operation and Bengali typing. Apply through email id employmentusers@gmail.com within 10 days.



সিগনেট-এর নতুন বই

গল্প ও অন্যান্য
অসিত সাহা — কলকাতার দিনো ২০০০.০০
আবুল ফজল — আইন-ই-আকবরি (অনুবাদ: সুচিত্রসুন্দর সাহা) ২০০০.০০
উমা রাণাগুপ্ত — গ্রীনিকেতনের ইতিহাস ৭৫০.০০
দীপককুমার বড় পণ্ডা — গোলা দিন ও নিশী ৬০০.০০
দীপান ভট্টাচার্য — বুদ্ধদের প্রয়াণপার ঢালে ৬০০.০০
রঞ্জকান্ত রায় — তিস্তির অবগুণ্ঠনে ৭৫০.০০
রবীন্দ্রনাথ ঠাকুর — অনুরূপা দেবী ও শরৎচন্দ্র (সেন্সা.) চণ্ডালিকা: বিশেষ পাণ্ডুলিপি সংস্করণ ১০০০.০০
শিশিরা ঘোষ — মৈমনসিংহ-গীতিকা সেকাল-একালের ইতিবৃত্ত ৭০০.০০
সুনন্দন সান্যাল — আমার শান্তিনিকেতন চাপান ৫৫০.০০

ছোটদের বই
অবনীন্দ্রনাথ ঠাকুর — ব্রহ্মদত্যি সত্যজিৎ রায় অলংকরণ মাখন দত্তগুপ্ত শকুন্তলা ১৭৫.০০
যোগীন্দ্রনাথ সরকার — মামার বাড়ি পাঠ: ঋতাবী বন্দ্যোপাধ্যায় ৫৫০.০০

কবিতা
অরি রায় — বন্দিত্ব সিরিজ ৫০০.৩০
অভিজিৎ সেনগুপ্ত — ঘুমু ডেকেছিল ৩০০.০০
অয়ন বন্দ্যোপাধ্যায় — আলোয়ের কবিতা ৩০০.০০
কৌশিক সেন — হাসির মতিচিহ্নে যে বীজ ৩০০.০০
গৌরব ভরদ্বাজ — ঘরের ঈশ্বর অন্যাবেশ ৩০০.০০
জিষ্ণু দে — নিসর্গ পোর্ট্রেট ৩০০.০০
তৌফিক হোসেন — না গোল না গোলার ৩০০.০০
দেবদাস রক্ষক — ধুঁয়োর ইরিদাশাবক ৫০০.০০
দেবাশিস চন্দ — লোকের ভেজা তুলো ৩০০.০০
দেবাশিস দাশ — দেই শেষে যেতে হবে, সু ৩০০.০০
নির্মাণ হায়দারী — আমির কবির অক্ষর ৩০০.০০
পায়েল সেনগুপ্ত — শূন্যতার প্রোগ্রাম ৩০০.০০
বিকাশ রায়চৌধুরী — মনের কোনও বিশেষ ঋতু নেই ৪৫০.০০
মনিষীপা নন্দী বিশ্বাস — কথা ছিল কথা থাকে ৩০০.০০
মৈথিলী — শূন্যের হাতার তলায় ৩০০.০০
রুপম ইসলাম — স্ক্রাচ নামের একটি বাইক ৩৫০.০০
রেহান কৌশিক — ভালবাসার মরসুম ৩০০.০০
শঙ্কর বন্দ্যোপাধ্যায় (অনূদিত) — সুপন্-এ-পাদির ২ ১২৫০.০০
শুভঙ্কর বন্দ্যোপাধ্যায় — অক্ষরহোংরা ৩০০.০০
শেখর বন্দ্যোপাধ্যায় — ভালবাসারসি কবিতাগুচ্ছ ৩০০.০০
সবর্ণা চট্টোপাধ্যায় — এ প্রেমের কাটাকুটি শরীর ৩০০.০০
সুদীপ বন্দ্যোপাধ্যায় — মহুয়াদি, থাকলে কেন ৩০০.০০
সুবোধ সরকার — মোছা কি যায় মোয়েইটওয়াশে? ৪৫০.০০
সুব্রত রুদ্র — গাদুশবাবুর জপকথা ৩০০.০০
সেবন্তী ঘোষ — সুসময় বলে কিছু নেই ৩০০.০০
সৌমেন শাল — যে কথা প্রকাশ্যে লিখিনি ৩০০.০০
স্বরদীপ্তি চক্রবর্তী — শালুক ৩৫০.০০
হিমোল ভট্টাচার্য — তীথন, শালকদম ৩০০.০০

আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড
আনন্দ ৪৫ বেনিয়াটোলা লেন • কলকাতা ৭০০ ০০৯। ফোন ২২৪১-৪৩৫২, ২২৪১-৩৪১৭

চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে

২৯৮৯ গ্রুপ 'সি'

নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. সোডিয়াম থায়োসালফেটকে ফটোগ্রাফিতে ব্যবহার করা হয় কারণ এর:
(a) আলোক-এর সঙ্গে বিক্রিয়া আছে (b) বিজারণ ধর্ম আছে (c) জারণ ধর্ম আছে (d) জটিল লবণ গঠনের ধর্ম আছে
2. নীচের কোনটির সঙ্গে আগমার্ক সম্পর্ক গত?
(a) রত্ন (b) কৃষি দ্রব্য (c) অলংকার (d) যন্ত্র
3. ভারতীয় পার্লামেন্টের যুগ্ম অধিবেশন প্রথম কবে অনুষ্ঠিত হয়েছিল?
(a) 1978 (b) 1961 (c) 1952 (d) 1958
4. স্বরাজ্য দলের মূল কর্মসূচি কী ছিল?
(a) হিন্দু মুসলিম ঐক্য প্রতিষ্ঠা (b) সাংবিধানিক সংস্কার (c) পূর্ণ স্বরাজ (d) স্বায়ত্তশাসন
5. নাট্যাভিনয় নিয়ন্ত্রণ আইন কে প্রথম প্রণয়ন করেন?
(a) জর্জ টমসন (b) লর্ড নর্থব্রুক (c) মেরওয়ানজি (d) থিওডোর বেক
6. জিঙ্কের গুঁড়ো এবং সোডিয়াম হাইড্রক্সাইড-এর সঙ্গে সোডিয়াম নাইট্রেট উত্তপ্ত করলে কী পাওয়া যায়?
(a) জল (b) নাইট্রোজেন অক্সাইড (c) নাইট্রোজেন-ডাই-অক্সাইড (d) অ্যামোনিয়া
7. 'The Hindu View of Life' গ্রন্থটির রচয়িতা কে?
(a) অরবিন্দ ঘোষ (b) মৌলানা আবুল কালাম আজাদ (c) জওহরলাল নেহরু (d) ডঃ এস রাধাকৃষ্ণন
8. সিমলা চুক্তি কোন ভাইসরয়ের আমলে স্বাক্ষরিত হয়েছিল?
(a) লর্ড মাউন্টব্যাটেন (b) লর্ড ওয়াভেল (c) লর্ড লিনলিথগো (d) লর্ড আরউইন
9. ভারতীয় সংবিধানের কোন ধারায় অন্যায়ভাবে গ্রেপ্তার ও আটকের বিরুদ্ধে সংরক্ষণমূলক ব্যবস্থা নেওয়া হয়েছে?
(a) 21 নম্বর ধারা (b) 20 নম্বর ধারা (c) 23 নম্বর ধারা (d) 22 নম্বর ধারা
10. কোন নদী কোচবিহার এবং জলপাইগুড়ির মধ্যে সীমানা তৈরি করে?
(a) তোর্সা (b) কালজানি (c) সংকোশ (d) আত্রেয়ী
11. পালং শাকে কোন অ্যাসিডটি পাওয়া যায়?
(a) সাইট্রিক অ্যাসিড (b) অক্সালিক অ্যাসিড (c) ল্যাকটিক অ্যাসিড (d) ফর্মিক অ্যাসিড
12. ক্রোনোমিটারের সাহায্যে কী মাপা হয়?
(a) সময় (b) আণবিক দূরত্ব (c) অক্ষাংশ (d) দূরত্ব
13. ইন্টারন্যাশনাল টি ডে হিসেবে পালন করা হয়:
(a) 15 এপ্রিল (b) 21 মে (c) 22 মার্চ (d) 27 ফেব্রুয়ারি
14. নীচের কোন পত্রিকাটি নীল বিদ্রোহের সঙ্গে যুক্ত ছিল?
(a) অমৃতবাজার (b) হিন্দু প্যাট্রিয়ট (c) সংবাদ কৌমুদী (d) মারাঠা
15. ওয়াংচু জলবিদ্যুৎ কেন্দ্র কোন দেশে অবস্থিত?
(a) ভুটান (b) মায়ানমার (c) শ্রীলঙ্কা (d) নেপাল
16. সম্প্রতি খবরে আসা 'চারোফাইট' আসলে কী?
(a) এক ধরনের সবুজ শৈবাল (b) নব আবিষ্কৃত মাকড়সার প্রজাতি (c) এক প্রকার ভাইরাস (d) অ্যান্টেরয়েড
17. ডেসার্ট সাইক্লোন টু নামক সামরিক মহড়াটি সম্প্রতি ভারত এবং কোন দেশের মধ্যে সম্পন্ন হয়েছে?
(a) রাশিয়া (b) ফ্রান্স (c) ইজরায়েল (d) সংযুক্ত আরব আমিরশাহী
18. 18তম ব্রিকস সামিট 2026-এর আয়োজক দেশ:
(a) দক্ষিণ আফ্রিকা (b) চিন (c) ভারত (d) ব্রাজিল
19. কোন স্বাধীনতা সংগ্রামীর জন্মবার্ষিকী পরাক্রম দিবস হিসেবে পালন করা হয়?
(a) সর্দার বল্লভ ভাই প্যাটেল (b) সুভাষচন্দ্র বসু (c) মহাত্মা গান্ধী (d) ভগত সিং
20. পাঙ্গোলাখা বন্যপ্রাণী সংরক্ষণ কেন্দ্র কোথায় অবস্থিত?
(a) আসাম (b) মেঘালয় (c) সিকিম (d) ত্রিপুরা

Direction (21 and 22): *Fill in the blanks with suitable alternatives.*

21. Reema ___ that she could speak four languages.
(a) roasted (b) submitted (c) boasted (d) suggested
22. It is better to be prompt and organised than to be___.
(a) reckless (b) provident (c) efficient (d) meaningless
23. Find out the suitable synonym of the given word.
SEGREGATE
(a) Integrate (b) Submerged (c) Isolate (d) Nullify
24. Find out the suitable antonym of the given word.
REFUTE
(a) Dispute (b) Deny (c) Acknowledge (d) Endorse
25. Choose the suitable alternative for the given one word expression.
One who will do any job for anyone for money:
(a) merchant (b) hoodlum (c) mercenary (d) recruit
26. Find out the suitable meaning of the given idiom.
IN COLD BLOOD
(a) Slowly (b) Deliberately (c) Angrily (d) Excitedly
27. Find out the suitable alternative with which the bold portion of the given sentences can be substituted.
If I was you I would not sign the document.
(a) If had been you (b) If I have been you (c) If I were you (d) No improvement
28. The following sentences are divided into four parts. Find out the suitable part containing an error.If there is no error your answer should be option (d) that is 'No Error.'

এরপর নয়ের পাতায়

স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে

৫৪৮৮ গ্রুপ 'ডি'

নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. ভারতের বৃহত্তম হিমবাহের নাম:
(a) গঙ্গোত্রী (b) জেমু (c) হিসার (d) সিয়াচেন
2. পশ্চিমী ঝঞ্ঝা দেখা যায়:
(a) গ্রীষ্মকালে (b) শীতকালে (c) শরৎকালে (d) বসন্তকালে
3. খেরওয়ারি হুল কথাটি কোন আন্দোলনের সঙ্গে যুক্ত?
(a) মুণ্ডা বিদ্রোহ (b) কোল বিদ্রোহ (c) ভীল বিদ্রোহ (d) সাঁওতাল বিদ্রোহ
4. ভারতের সংসদের উভয় কক্ষের অধিবেশনে কে সভাপতিত্ব করেন?
(a) লোকসভার স্পিকার (b) রাষ্ট্রপতি (c) প্রধানমন্ত্রী (d) উপরাষ্ট্রপতি
5. রিকেট হওয়ার কারণ —— এর স্বল্পতা।
(a) আয়রণ (b) আয়োডিন (c) ক্যালসিয়াম (d) ম্যাঙ্গানীজ
6. ভারতের সংবিধান গণপরিষদ কর্তৃক অনুমোদিত হয়:
(a) 1949 সালের 26 জানুয়ারি (b) 1949 সালের 26 নভেম্বর (c) 1950 সালের 26 জানুয়ারি (d) 1950 সালের 26 নভেম্বর
7. LCD-এর পুরো নাম হল:
(a) Large Compact Disc (b) Liquid Crystal Display (c) Linear Compact Disc (d) Liquid Compact Disc
8. দচিগ্রাম অভয়ারণ্যটি অবস্থিত:
(a) পাঞ্জাবে (b) হরিয়ানায় (c) হিমাচল প্রদেশে (d) জম্মু ও কাশ্মীরে
9. জাতীয় শিক্ষানীতি, 2020 অনুযায়ী মানবসম্পদ উন্নয়ন মন্ত্রকের নতুন নামকরণ হয়েছে:
(a) HECI (b) NCTE (c) SCTE (d) NAAC
10. 2025 মহিলা বিশ্বকাপের ফাইনালে 'Player of the match' হয়েছিলেন:
(a) দীপ্তি শর্মা (b) শেফালি বর্মা (c) রিচা ঘোষ (d) আমনজোৎ
11. হরিসেন সভাকবি ছিলেন:
(a) সমুদ্রগুপ্ত (b) কনিষ্ক (c) শশাঙ্ক (d) চন্দ্রগুপ্ত মৌর্য
12. মেইন ক্যাম্প বইটি লেখেন:
(a) রুশো (b) হিটলার (c) প্লেটো (d) মুসোলিনী
13. চরক সংহিতার বিষয়বস্তু হল:
(a) চিকিৎসা (b) সাহিত্য (c) রাজনীতি (d) অর্থনীতি
14. ভারতের উত্তরতম বিন্দুটি হল:
(a) ইন্দিরা পয়েন্ট (b) ইন্দিরা কল (c) গুহার মোটার (d) কিথিবু
15. টেরাকোটার জন্য বিখ্যাত শহর হল:
(a) কৃষ্ণনগর (b) বিষ্ণুপুর (c) কল্যাণী (d) ফুলিয়া
16. পুলিকট হ্রদ অবস্থিত:
(a) কেরালা (b) কর্নাটক (c) তামিলনাড়ু (d) অন্ধ্রপ্রদেশ
17. দুই নদীর মধ্যবর্তী সমভূমি হল:
(a) খোশ (b) ধায়া (c) খাদার (d) দোয়াব
18. নীরজ চোপড়া কীসের সঙ্গে যুক্ত?
(a) লং জাম্প (b) জ্যাভলিন (c) হকি (d) কুস্তি
19. রাজ্যসভার সদস্যের সদস্য হওয়ার ন্যূনতম বয়স:
(a) 30 বছর (b) 35 বছর (c) 25 বছর (d) 40 বছর
20. কাকে মরুস্থলীর প্রবেশদ্বার বলে:
(a) জয়পুর (b) যোধপুর (c) বিকানীর (d) জয়সলমির
21.

3	5	17	9	
7	2	13	4	
9	5	?	11	

(?) চিহ্ন স্থানে বসবে:
(a) 25 (b) 22 (c) 27 (d) 32
22. যদি SAHIR = WTSPQ হয় তবে SIR = ?
(a) TSR (b) WPQ (c) WTQ (d) WQS
23. লিপিকা, সুস্মিতাকে একটি ফটোগ্রাফ দেখিয়ে বলল, ফটোটি আমার মামার একমাত্র কন্যার মেয়ের। ফটোটি কার?
(a) লিপিকার মায়ের (b) লিপিকার (c) সুস্মিতার (d) সুস্মিতার বন্ধুর
24. কোনটি বিসদৃশ?
শুক্র, মঙ্গল, বৃহস্পতি, শনি, পৃথিবী
(a) মঙ্গল (b) শুক্র (c) পৃথিবী (d) শনি
25. 196, 169, 144, 121, 100, 80, 64 ভুল সংখ্যা কোনটি?
(a) 144 (b) 80 (c) 64 (d) 100
26. 3 : 55 হলে 99 : ?
(a) 77 (b) 88 (c) 121 (d) 195
27. তোমার মামার ছেলের পিসিমনি তোমার কে?
(a) বৌমা (b) মা (c) বৌদি (d) ভাই বউ
28. যদি HUMIDITY কথাটিকে সাংকেতিক ভাষায় UHMIIDTY লেখা হয়, তবে POLITICS কথাটিকে কী লেখা হবে?
(a) OPLIITSCE (b) OPLIITCS (c) OPILITCS (d) POLIITCS
29. যদি JUDICIAL = LADJICID হয় তবে GLORIOUS শব্দটিকে কী লেখা হবে?
(a) SLGLOIRO (b) SULGOIRO (c) SUGLIORO (d) SLUROIRO
30.



এখানে ক'টি আয়তক্ষেত্র আছে?

এরপর দশের পাতায়

ডব্লু বি সি এস প্রিলিমিনারি

পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

Direction (1 and 2): *Choose the meaning nearest to the underlined word given below:*

1. If he is lazy why don't you turn him off?
(a) dismiss him (b) engage him (c) punish him (d) influence him
2. The boy is extravagant.
(a) spendthrift (b) miser (c) indisciphned (d) irregular
3. Choose the correct alternative to fill in the blank.
It is 3 o'clock ____ my watch.
(a) in (b) by (c) at (d) with
4. Fill in the blank with the appropriate preposition:
I am indebted ___ you for your help.
(a) to (b) for (c) at (d) by
5. Choose the correct alternative to fill in the blank:
Neither he nor his friends ____ coming to the party.
(a) have (b) has (c) is (d) are
6. Choose the appropriate word to fill in the blank:
____ a Ford, he has a Fiat car.
(a) By (b) Beside (c) Besides (d) With
7. Fill with prepositions:
The children prefer mangoes ___ oranges.
(a) for (b) in (c) to (d) from
8. Fill with appropriate verb:
He ___ to be punctual.
(a) should (b) could (c) would (d) ought
9. Select the right preposition:
After fooling everybody for years the culprit was found ___.
(a) in (b) over (c) at (d) out
10. The noun form of 'likely' is:
(a) like (b) likelihood (c) liked (d) liking
11. Choose the word opposite in meaning to the word underlined.
The boys are quite intelligent.
(a) bright (b) wise (c) dull (d) inactive
12. Select the word nearest in meaning to the given word.
Ingenious
(a) Truthful (b) Fooling (c) Bashful (d) Innovative
13. If you want to bind a book in morocco, you mean:
(a) A hardboard binding (b) A binding in glossy paper (c) A binding done in a country called Morocco (d) A binding in a soft, fine leather

Direction (14 to 18): *Fill in the blanks with the appropriate word. Choosing it from the options given.*

14. I found it difficult to cope ___ Mathematics at the advanced level.
(a) with (b) of (c) for (d) up

এরপর দশের পাতায়

চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে

২৯৮৯ গ্রুপ 'সি'

নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

আটের পাতার পর

More you (a)/think of it (b)/the worse it becomes (c)/ No error (d)

Direction (29 and 30): *Find out the wrongly spilt words.*

29. (a) Genuine (b) Varsatile (c) Confident (d) Criminal

30. (a) Communication (b) Fusion (c) Response (d) experement

31. কোনও নির্দিষ্ট সুদের হারে 2400 টাকার 4 বছরের সুদ-আসল হয় 3264 টাকা। সুদের হার 1% বৃদ্ধি করলে একই মূলধন একই সময়ে সুদ-আসলে কত হবে?

(a) 3460 (b) 3260 (c) 3310 (d) 3360

32. যদি কোনও আয়তক্ষেত্রের দৈর্ঘ্য এবং পরিসীমার অনুপাত 5 : 16 হয়, তাহলে দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত কত হবে?

(a) 5 : 3 (b) 5 : 11 (c) 5 : 8 (d) 5 : 4

33. A, B এবং C তিনটি এমন সংখ্যা যাতে A-র দ্বিগুণ B-র তিনগুণের সমান এবং B-র চারগুণ C-র পাঁচগুণের সমান। A ও C-এর অনুপাত কত?

(a) 4 : 3 (b) 3 : 4 (c) 8 : 15 (d) 15 : 8

